✻ সর্বশেষ শহর সংস্করণ

ভারতে সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণীর দৈনিক

আনন্দ বাজার পত্রিকা

ANANDA BAZAR PATRIKA
India's Largest Selling Daily

ESTD. 1878 REGD. NO. C 108

৫০ বর্ষ, ১৮৪ সংখ্যা

মঙ্গলবার, ২৮ ভাদ্র, ১৩৭৮ (২৩ ভাদ্র, ১৮৯৩ শক) Tuesday, Sept. 14, 1971.

মূল্য—২২ পয়সা (22 Paise)

কো-অরডিনেশন কমিটির নেতৃবৃন্দসহ বারোজন সরকারী কর্মী বরখাস্ত

স্টাফ রিপোরটার

পশ্চিমবঙ্গের রাজ্যপাল রাষ্ট্রের নিরাপত্তার জন্য সংবিধানের ৩১১(২) ধারা বলে সোমবার পশ্চিমবঙ্গ সরকারের বারজন কর্মীকে বরখাস্ত করেন। সরকারী সূত্রে বরখাস্ত কর্মীর ওই সংখ্যা জানা যায়। তবে সরকারী কর্মচারী সমন্বয় সমিতির আশঙ্কা এই সংখ্যা দাঁড়াবে ২৭। সোমবার রাত্রি পর্যন্ত বরখাস্তের নোটিশ পেয়েছেন ৮ জন কর্মী।

রাজ্যপাল শ্রী এ এল ডায়াস সোমবার সকালে ওই বরখাস্ত সংক্রান্ত ফাইলগুলিতে স্বাক্ষর করেন। এরপরে যে কর্মী যে দফতরের, সেই দফতরের সচিব সেই বরখাস্তের চিঠিতে সই করেন।

দুপুর সোয়া দুটো নাগাদ মহাকরণে রাজস্ব পর্যদের কর্মী ও সমন্বয় কমিটির যুগ্ম সম্পাদক শ্রীঅজয় মুখোপাধ্যায় বরখাস্তের চিঠিখানা পান। কিছুক্ষণের মধ্যেই আরও কয়েকজন কর্মীর হাতেও চিঠি আসে। মুহূর্তের মধ্যে এই খবর মহাকরণের বিভিন্ন দফতরে ছড়িয়ে পড়ে। সঙ্গে সঙ্গেই অনেক কর্মী ঘর ছেড়ে বেরিয়ে পড়েন এবং মহাকরণের একতলার প্রাঙ্গণে দাঁড়িয়ে অনেকক্ষণ ধরে বিক্ষোভ প্রদর্শন করেন। কার্যত এদিন দুপুরের পরে আর মহাকরণে কোন কাজ হয়নি—অনেক কর্মীই এদিন সমন্বয় কমিটির অলিখিত ডাকে কর্মবিরতি পালন করেন।

কর্মচারীদের এদিনের বিক্ষোভে শান্তিভঙ্গের কারণ ঘটতে পারে এই আশঙ্কায় প্রচুর পুলিশ ডাকা হয়। সশস্ত্র পুলিশ মহাকরণের ঘেরা এলাকার গেটগুলি তালাবন্ধ করে পাহারা দিতে থাকেন।

রাত্রের দিকে মুখ্যসচিব শ্রীনির্মলচন্দ্র সেনগুপ্ত রাজভবনে গিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করে এই বরখাস্তের ব্যাপারে সরকারী কর্মীদের প্রতিক্রিয়া প্রসঙ্গে আলোচনা করেন।

সন্ধ্যায় মহাকরণে ওই বরখাস্তের ব্যাপারে মুখ্যসচিব শ্রীসেনগুপ্ত সাংবাদিকদের কাছে বলেন : "রাজ্যপালের এটি একটি বিশেষ আদেশ, বিশেষ অবস্থাতেই এটি প্রয়োগ হয়ে থাকে। একমাত্র সরকারী সংস্থার জন্যই সংবিধানের এই বিশেষ ক্ষমতা সংরক্ষিত আছে।"

মুখ্যসচিব জানান, যাঁদের বরখাস্ত করা হচ্ছে, তাঁদের বিরুদ্ধে অনেকদিনের অনেক অভিযোগ আছে। রাজ্যপাল সমস্ত অভিযোগ খতিয়ে দেখেই এমন সিদ্ধান্ত নিয়েছেন।

মুখ্যসচিব বলেন, পশ্চিমবঙ্গে এখন বাস্তবিকই জরুরী অবস্থা চলছে। একদিকে আইন-শৃঙ্খলার অবস্থা, অন্যদিকে বন্যায় পশ্চিমবঙ্গ কাবু, তার উপরে বাংলাদেশের শরণার্থীদের সমস্যা ত আছেই। সমগ্র পরিস্থিতি পর্যালোচনা করে এটি নিশ্চয় সকলেই বলবেন যে, পশ্চিমবঙ্গের সময়টা খুবই খারাপ যাচ্ছে। কিন্তু আক্ষেপের কথা হল অনেক সরকারী কর্মীই সে সম্পর্কে সচেতন নন।

মুখ্যসচিব ওই প্রসঙ্গ টেনে নিয়েই বলেন : "দাবি সকলেরই থাকে। সংসারে কে আর সন্তুষ্ট বলুন। কিন্তু দাবি আদায়ের পথ ত বিশৃঙ্খলা সৃষ্টি দিয়ে নয়।"

শ্রীসেনগুপ্ত বলেন, দেশ এখন যে অবস্থায় চলছে তাতে আগামীকাল আমাদের কী অবস্থায় গিয়ে পড়তে হবে জানি না। এই জরুরী অবস্থায় রাষ্ট্রের নিরাপত্তার দিকটি নিশ্চয়ই আমাদের সর্বাগ্রে ভাবতে হবে। "কিছু ঘটলে যাতে আমাদের বিপাকে পড়তে না হয় তার জন্য নিজেদের ঘর ত পরিষ্কার করে রাখতে হবে।"

মুখ্যসচিব বলেন সরকারী কর্মীদের কাছ থেকে নিশ্চয় দেশের মানুষ

সপ্তম পৃষ্ঠায় দ্রষ্টব্য

প্রতিবাদে আজ কর্মবিরতির ডাক

স্টাফ রিপোরটার

রাজ্য সরকারী কর্মচারী সমন্বয় সমিতি এবং ১২ জুলাই কমিটির পক্ষ থেকে সোমবার রাত্রিতে জানান হয় যে আটজন সরকারী কর্মীকে চাকুরি থেকে বরখাস্তের প্রতিবাদে আজ, মঙ্গলবার সারা পশ্চিমবঙ্গে রাজ্য সরকারের কর্মীরা কর্মবিরতি পালন করবেন। কয়েকটি ট্রেড ইউনিয়ন ও কর্মী সংস্থা সরকারী কর্মীদের বরখাস্তের আদেশের তীব্র প্রতিবাদ জানিয়েছেন।

বারো জুলাই কমিটির আহবায়ক শ্রী কে জি বসু এ সম্পর্কে বলেন যে, ঘটনা অপ্রীতিকর অবস্থার দিকে মোড় নেবার আগেই রাজ্যপাল যেন তাঁর বে-আইনী বরখাস্তের আদেশ প্রত্যাহার করেন।

রাজ্যপালের এই আদেশের বিরুদ্ধে ১২ জুলাই কমিটির অন্তর্গত সব সংস্থাগুলি মঙ্গলবার টিফিনের বিরতির সময় নিজ নিজ কর্মক্ষেত্রে এবং ছুটির পর রাজভবনের দিকে মিছিল করে যাওয়ার জন্য তিনি আহবান জানান।

তিনি এই আক্রমণ প্রতিহত করতে অদূর ভবিষ্যতে যে কোন জঙ্গী গণসংগ্রামের জন্য সরকারী কর্মীদের প্রস্তুত থাকতে বলেন।

আজ, কর্মবিরতি ও বিক্ষোভ প্রদর্শন

রাজ্য সরকারী কর্মচারী সমন্বয় সমিতির সম্পাদক শ্রীঅরবিন্দ ঘোষ সোমবার রাত্রে একটি বিবৃতিতে জানান, ৮ জন সরকারী কর্মীকে বরখাস্তের মধ্য দিয়ে সরকার সমন্বয় সমিতির উপর নৃশংস ও ব্যাপক হামলা করেছেন। রাজ্য সরকারী কর্মীরা সোমবারই এর প্রতিবাদে কর্মবিরতি শুরু করেছেন।

সমন্বয় সমিতি আজ, মঙ্গলবার

৬ষ্ঠ পৃষ্ঠায় দ্রষ্টব্য

ফরাক্কায় রেল সেতু নির্মিত হয়েছে

বিশেষ সংবাদদাতা

নয়াদিল্লি, ১৩ সেপটেম্বর—ফরাক্কা ব্যারেজের রেলসেতু নির্মাণের কাজ শেষ হয়েছে। সড়ক সেতু নির্মাণের কাজ দু মাসের মধ্যে শেষ হবে।

কেন্দ্রীয় সেচ ও বিদ্যুৎ মন্ত্রী ডঃ কে এল রাও আজ এখানে সাংবাদিকদের এ কথা জানান।

ফিলিপিনের পাক রাষ্ট্রদূতের পদত্যাগ

বিশেষ সংবাদদাতা

ম্যানিলা, ১৩ সেপটেম্বর—ফিলিপিনে নিযুক্ত পাক রাষ্ট্রদূত খুরম খান পান্নি পদত্যাগ করে বাংলা দেশ আন্দোলনে যোগ দিয়েছেন বলে রাষ্ট্রদূতের ঘনিষ্ঠ মহল থেকে আজ বলা হয়েছে।

৪৯ বৎসর বয়স্ক পান্নিই প্রথম রাষ্ট্রদূত যিনি বাংলা দেশের জন্য সরকারপক্ষ ত্যাগ করলেন। তিনি আপাতত ফিলিপিনেই থাকবেন।

লনডনে পাক কূটনীতিকের বাংলাদেশ মিশনে যোগদান

লনডন, ১৩ সেপটেম্বর—পাকিস্তানের কূটনৈতিক কর্মী শ্রীমহীউদ্দিন জয় ইরদার আজ তাঁর দেশের ফরেন সারভিস থেকে পদত্যাগ করে লনডনে বাংলাদেশ মিশনে যোগ দিয়েছেন।

৩৪ বছর বয়স্ক শ্রীইরদার চ্যানসারীর প্রধান ছিলেন। তিনি কিছুদিন লাগোস-এ (নাইজেরিয়া) পাক মিশনের অস্থায়ী হাই কমিশনার ছিলেন। —এ পি

তারাশঙ্করের অবস্থা অপরিবর্তিত

স্টাফ রিপোরটার

প্রখ্যাত সাহিত্যিক তারাশংকর বন্দোপাধ্যায়ের অবস্থা সোমবারও অপরিবর্তিত থাকে। গভীর রাতে খবর নিয়ে জানা গেল, তিনি একইরকম আছেন।

নিবারক আইনে তিন মাসের বেশি আটক রাখা যাবে না

...—হাইকোরট

কলকাতা হাইকোরটের বিচারপতি শ্রীশর্মা সরকার ও বিচারপতি শ্রী এ পি দাস ১৯৭০ সালের পঃ বঙ্গ হিংসাত্মক কার্যকলাপ নিবারক আইনের (১৯৭০ সালের রাষ্ট্রপতির ১১নং আইন) ১১ ও ১৩ নং ধারা সংবিধান বিরুদ্ধ বলে ঘোষণা করেছেন।

ওই আইন অনুযায়ী বিচারপতিদের এই ঘোষণার ফলে কোন বন্দীকে তিন মাসের বেশী আটক রাখা যাবে না।

হিংসাত্মক কার্যকলাপ নিবারক আইনে আটক রথীন দের ১৭ দফা আবেদনের নিষ্পত্তি করে হাইকোরটের বিচারপতিদ্বয় এই রায় দেন। তাঁরা বলেন, সংবিধানের ২২(৭) (ক) ও ২২(৭) (গ) অনুচ্ছেদ অনুসারে উপদেষ্টা পর্ষদের কার্যপদ্ধতি এবং আটক রাখার সর্বোচ্চ মেয়াদ নির্ধারণের নিরঙ্কুশ এক্তিয়ার একমাত্র সংসদের। পঃ বঙ্গ হিংসাত্মক কার্যকলাপ নিবারক আইনের ১১ ও ১৩নং ধারা সংবিধান বিরুদ্ধ এই কারণে যে রাষ্ট্রপতি রাজ্য বিধানসভার ক্ষমতা নিয়ে ওই বিধান জারি করতে পারেন না।

বিচারপতি দুজন ওই আইনের ১২নং ধারাও সংবিধান বিরুদ্ধ বলে ঘোষণা করেছেন। এই ধারায় উপদেষ্টা পর্ষদকে কোন বন্দীকে তিন মাসের বেশী আটক রাখার পরামর্শ দেওয়ার ক্ষমতা দেওয়া হয়েছে।

রাজ্য সরকার সুপ্রিম কোরটে আপীলের অনুমতি চাইলে বিচারপতিরা তা মঞ্জুর করেন, কিন্তু আদেশের প্রয়োগ স্থগিত রাখার প্রার্থনা তাঁরা অগ্রাহ্য করেছেন।

শহরের পাড়ায় পাড়ায় পূজামণ্ডপ নির্মাণের কাজ দ্রুত চলছে। ছবিতে দেখা যাচ্ছে রবীন্দ্রকাননের দৃশ্য। —নিজস্ব চিত্র

ইয়াহিয়া-ভুট্টো বৈঠক

নয়াদিল্লি, ১৩ সেপটেম্বর—পাকিস্তান পিপিলস্ পারটির প্রধান শ্রীভুট্টো আজ সকালে করাচিতে প্রেসিডেনট ইয়াহিয়ার সঙ্গে বৈঠকে বসেন। পাক বেতার শুধু এটুকু খবর দিয়ে আর কিছু জানায়নি।

গতকাল ভুট্টো করাচিতে তাঁর দলের লোকজনের সঙ্গে তিন ঘণ্টা ধরে বৈঠক করেছেন। পাকিস্তানের কাগজের খবরে ভুট্টো-ইয়াহিয়া বৈঠককে সমধিক গুরুত্ব দেওয়া হচ্ছে। তবে বি বি সি আজ সকালে বলেছে, এই বৈঠকে স্থায়ী কোন ফল লাভ হবে না।

ভুট্টো চেয়েছেন, নির্বাচিত প্রতিনিধিদের হাতে সামগ্রিক ক্ষমতা দেওয়া হোক ইয়াহিয়া মনে করেন, এখন তা সম্ভব নয়। —পি টি আই

হিন্দু বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকাল বন্ধ

নিজস্ব সংবাদদাতা

বারাণসী, ১৩ সেপটেম্বর—আজ বারাণসী হিন্দু বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেওয়া হয়। ছাত্রদের ২৪ ঘণ্টার মধ্যে হসটেল থেকে চলে যেতে বলা হয়েছে।

বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণের বিভিন্ন স্থানে পুলিশ মোতায়েন করা হয়েছে এবং ১৪ জন ছাত্র নেতা গ্রেফতার হয়েছেন। আজ সকালে পুলিশ ও সশস্ত্র পুলিশ বাহিনী বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে প্রবেশ করে। আটক ছাত্র নেতাদের মধ্যে রয়েছেন ছাত্র ইউনিয়নের সভাপতি ও ৫জন অনশন ধর্মঘটী ছাত্র।

জেলা ম্যাজিসট্রেট জানিয়েছেন—'ছাত্ররা উত্তেজনা সৃষ্টি করায়' বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিয়নের সভাপতি শ্রীআনন্দ কুমার আজ ধর্মঘটের ডাক দিয়েছিলেন এবং বহিষ্কৃত ছাত্র আত্মহুতি দেওয়ার হুমকি দিয়েছিলেন মালব্য ভবনে। ছাত্রদের অনশন ধর্মঘট ও আত্মাহুতির হুমকির দরুন বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকাল বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। গত দেড় বছরের মধ্যে ছাত্র বিক্ষোভের জন্য এই নিয়ে তিনবার বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেওয়া হল।

বাঙ্গালোরে ছাত্র বিক্ষোভ

আজ বাঙ্গালোরে সেনট্রাল কলেজের কাছে উত্তেজিত ছাত্রদের ছত্রভঙ্গ করার

সপ্তম পৃষ্ঠায় দ্রষ্টব্য

কলেজ শিক্ষকদের মহার্ঘ-ভাতা নিয়ে সারকুলার স্থগিত

স্টাফ রিপোরটার

স্পনসরড কলেজ ছাড়া অন্যান্য অনুমোদিত কলেজের অধ্যাপকদের মহার্ঘ ভাতা ১৫০ টাকায় বেঁধে দিয়ে রাজ্য সরকার সম্প্রতি যে সারকুলার জারি করেছিলেন, রাজ্যপাল শ্রী এ এল ডায়াস তা কার্যকরা করা অপাতত স্থগিত রাখার আদেশ দিয়েছেন। পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ওই সারকুলার প্রত্যাহারের দাবি জানিয়ে ইতিপূর্বে রাজ্যপালের কাছে যে স্মারকলিপি পেশ করেছিলেন, তা বিবেচনা করে রাজ্যপাল ওই সিদ্ধান্ত নিয়েছেন।

ক্রুশচভের অন্ত্যেষ্টি — অনাড়ম্বর অনুষ্ঠান

মসকো, ১৩ সেপটেম্বর—আজ একান্ত অনাড়ম্বর বেসরকারী অন্ত্যেষ্টি অনুষ্ঠানের মাধ্যমে নিকিতা ক্রুশ্চভকে সমাহিত করা হয়।

ভূতপূর্ব সোভিয়েত প্রধানমন্ত্রী এবং কমিউনিসট পারটির প্রধান শ্রীক্রুশ্চভকে হাসপাতালের একটি হলে বেসরকারীভাবে বিদায় জানানো হয়। গত শনিবার হৃদরোগে তিনি এই হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। শবযাত্রা সমাধিস্থানে পৌঁছোবার

সপ্তম পৃষ্ঠায় দ্রষ্টব্য

ইন্দিরাজী বাছাই-করা উপদেষ্টা দল নিয়ে মসকো যাচ্ছেন

বিশেষ সংবাদদাতা

নয়াদিল্লি, ১৩ সেপটেম্বর—প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী তাঁর আগামী মসকো সফরে (২৭—২৯ সেপটেম্বর) কয়েকজন বাছাই-করা উপদেষ্টা নিয়ে যাবেন বলে জানা গিয়েছে।

ওই দলে থাকবেন—

শ্রী ডি পি ধর : মসকোতে ভারতের প্রাক্তন রাষ্ট্রদূত এবং বর্তমানে বহির্বিষয়ক মন্ত্রকের নীতি নির্ধারক কমিটির চেয়ারম্যান। সোভিয়েত নেতাদের সঙ্গে তাঁর ঘনিষ্ঠতা সুবিদিত।

শ্রী টি এন কল : ইনিও মসকোতে ভারতের রাষ্ট্রদূত ছিলেন। বর্তমানে পররাষ্ট্র সচিব। সোভিয়েত বিষয়ে বিশেষজ্ঞ।

শ্রী পি এন ধর : বিশিষ্ট অর্থনীতিবিদ এবং প্রধানমন্ত্রীর সচিবালয়ের অর্থনৈতিক উপদেষ্টা। শোনা যাচ্ছে যে, ইনি প্রধানমন্ত্রীর সচিব হিসাবে শ্রী পি এন হাকসারের স্থলাভিষিক্ত হবেন।

মসকো থেকে ঘোষণা। মসকো থেকে পি টি আই-এর খবর : সরকারীভাবে ঘোষিত হয়েছে যে, প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী এ মাসের শেষদিকে মসকো সফরে আসবেন।

৪ নভেম্বর ওয়াশিংটন সফর : ওয়াশিংটন থেকে এ পি-র খবর : হোয়াইট হাউস থেকে ঘোষণা করা হয়েছে যে, প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী আগামী ৪ নভেম্বর সরকারীভাবে ওয়াশিংটন সফর করবেন। প্রেসিডেনট নিকসন তাঁর সম্মানে রাষ্ট্রীয় ভোজ দেবেন। শ্রীমতী গান্ধী নিউ ইয়রকেও যাবেন।

নব কংগ্রেস অ্যাড হক কমিটির সদস্যদের নাম আজ ঘোষণা

বিশেষ সংবাদদাতা

নয়াদিল্লি, ১৩ সেপটেম্বর—পশ্চিমবঙ্গের জন্য ৩৫ জন সদস্য নিয়ে নতুন অ্যাড হক কংগ্রেস (নব) কমিটি গঠিত হচ্ছে। আগামী কাল নতুন কমিটির সদস্যদের নাম ঘোষণা করা হবে।

আজ এখানে কেন্দ্রীয় ও পশ্চিমবঙ্গ কংগ্রেস (নব) নেতৃবৃন্দের মধ্যে কয়েকবার বৈঠকের পর নতুন অ্যাড হক কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়।

বর্তমানে পঃ বঙ্গে একটি মাত্র কমিটি গঠিত হচ্ছে। এখন প্রদেশ কংগ্রেস (নব) নির্বাচন কমিটি গঠিত হচ্ছে না। এ থেকে মন হয়, ওই রাজ্যে শীঘ্র নির্বাচনের সম্ভাবনা কম। তবে শ্রীচন্দ্রজিৎ যাদব মনে করেন, রাজ্যে নির্বাচন হলে নির্বাচনী কমিটি গঠনে বেশি সময় নেবে না।

পঃ বঙ্গ কংগ্রেস (নব) অ্যাড হক কমিটির বর্তমান আহবায়ক শ্রীআব্দুস সাত্তার কমিটির সভাপতি হিসাবে আখ্যায়িত হবেন।

জানা গিয়েছে, রাজ্যে অ্যাড হক প্রদেশ কংগ্রেস (নব) কমিটি গঠন সম্পর্কে নতুন কমিটি সিদ্ধান্ত নেবেন। ওর সদস্য সংখ্যা বাড়িয়ে ৪০০ পর্যন্ত করা যেতে পারে।

দ্বিতীয় পৃষ্ঠায় দ্রষ্টব্য

শিয়ালদহ দক্ষিণ শাখায় ৫৬টি ট্রেন বাতিল

স্টাফ রিপোরটার

শিয়ালদহ বিভাগের দক্ষিণ শাখার মোট ১৬২টি ট্রেনের মধ্যে সোমবার ৫৬টি লোক্যাল ট্রেন বাতিল করে দিতে হয় এবং ৬টি ট্রেনকে গন্তব্যস্থলে পৌঁছোবার আগেই থামিয়ে দেওয়া হয় ফলে ওই লাইনে ট্রেন চলাচল বিঘ্নিত হয় বলে রেল কর্তৃপক্ষ একটি প্রেসনোটে জানান।

পারক সারকাস ও শিয়ালদহ স্টেশনের মধ্যে একটি স্থানে তার কাটতে গিয়ে দুষ্কৃতকারীরা ওভারহেড তার ধরে রাখা একটি টাই-রড ভেঙ্গে ফেলায় তার ঝুলতে থাকে। একটি ট্রেন ওই লাইন দিয়ে আসতে গেলে তার মাস্তুলটি ভেঙ্গে যায় ফলে লাইনে ট্রেন চলাচলে বিঘ্ন ঘটে বলে প্রেসনোটে জানান হয়।

৯১ রুটে বাস হঠাৎ বন্ধ

উত্তর শহরতলির সংবাদদাতা জানাচ্ছেন, সোমবার লাউহাটা-শ্যামবাজার ৯১ রুটের বাস চলাচল হঠাৎ বন্ধ হয়ে যাওয়ায় যাত্রীদের দুর্ভোগের চূড়ান্ত হয়। বাসগুলি কৈখালি রাজারহাট হয়ে ভাঙ্গড় পর্যন্ত যাওয়া আসা করে। এবং এটি ওই অঞ্চলের একমাত্র বাসরুট।

কল্যাণী বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেওয়া হল

স্টাফ রিপোরটার

সোমবার কল্যাণী বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেওয়া হয়েছে।

এদিন মহাকরণে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের কার্যকরী পরিষদের এক বৈঠকে ওই সিদ্ধান্ত হয়। উপাচার্য শ্রীকরুণাকেতন সেন ওই বৈঠকে সভাপতিত্ব করেন। শ্রী সেন জানান যে, 'এক শ্রেণীর ছাত্রের উচ্ছৃংখল আচরণের জন্যই' বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেওয়া হ'ল।

উপাচার্য শ্রীসেন জানান যে, যে-সব পরীক্ষা চলছে বা ৫ অকটোবরের আগে যে-সব পরীক্ষা শুরুর কথা আছে তাও স্থগিত থাকবে। রিসারচ স্কলার ছাড়া হোসটেলের অন্য সব আবাসিককে অবিলম্বে হোসটেল ছেড়ে যেতে বলা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, অফিসার এবং সম্পত্তি রক্ষায় অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রাজ্য সরকারের কাছে অনুরোধ জানিয়েছে।

শ্রী সেন অভিযোগ করেন, বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ফ্যাকালটির তৃতীয় বার্ষিক শ্রেণীর কিছু ছাত্র গত শনিবার ১১ সেপটেম্বর একটি পূর্ব সিদ্ধান্ত পরিবর্তনের দাবিতে ফ্যাকালটির ডীন ও কয়েকজন সদস্যকে একটি ঘরের মধ্যে

পঞ্চম পৃষ্ঠার ষষ্ঠ কলমে দ্রষ্টব্য





মিলার পথ দেখায়!

মিলার ডায়নামো ল্যাম্প থাকলে—রাত্রে নিরাপদ, নিশ্চিন্ত!
এই সৌখিন হাল্কা বাতি আলো দেয় সবচেয়ে
বেশী—খুব কম ওজন সত্ত্বেও। আজই আপনার সাইকেলে লাগান
এই সুন্দর সৌখিন নির্ভরযোগ্য মিলার বাতি— চমৎকার মানাবে!

একমাত্র MILLER মিলার দেয় ১৮ মাসের গ্যারান্টি

MILLER®

এটি TI উৎপাদন

® যুক্তরাজ্যের এইচ মিলার এণ্ড কোং লিঃ-র রেজিষ্ট্রীকৃত ট্রেডমার্ক।
ভারতে নির্মাতা: টি. আই. মিলার লিমিটেড, মাদ্রাজ-১ কারখানা: আম্বাত্তুর মাদ্রাজ-৫৩

FDSTIM-1635 BN

হরিয়ানা স্টেট লটারী

প্রথম পুরস্কার ২৫ লক্ষ টাকা (৫টি)
দ্বিতীয় পুরস্কার ২½ লক্ষ টাকা (৫টি) সহ ১৩৫৪টি নগদ পুরস্কার!
প্রতি টিকিট ১, টাকা মাত্র। খেলার তারিখ—১১-১১-৭১

লটারীর ইতিহাসে রেকর্ড

পঞ্চ মুকুট

হরিয়ানা স্টেট লটারীর ২৯তম খেলার (৭ই আগষ্ট, '৭১) প্রথম পুরস্কার (E—837368), দ্বিতীয় পুরস্কার (A—829791) ও ৩টি তৃতীয় পুরস্কার (যথাক্রমে (A—823906, C—837245 ও E—822706) সহ বহু পুরস্কার উঠেছে আমাদের বিক্রীত টিকিটে।

এবারেও

দ্বি মুকুট

৩০তম খেলার (৮ই সেপ্টেম্বর '৭১ সন)
প্রথম পুরস্কার (A—878857), দ্বিতীয় পুরস্কার B—871210) সহ বহু পুরস্কার ক্রেতাদের উপহার দেবার কৃতিত্ব অর্জন করেছি।
এ সম্ভব হ'য়েছে *বাবা লোকনাথের কৃপায় ও আপনাদের সহযোগিতায়।

"শারদীয়ার বিশেষ আকর্ষণ
ক্রেতা ও বিক্রেতাদের প্রতি "লোকনাথ ডিস্ট্রিবিউটরস"-এর

ঐতিহাসিক ঘোষণা

আমাদের এজেন্সীর টিকিটের—

- প্রথম পুরস্কারের বিক্রেতা পাবেন—নগদ ৫,০০০, টাকা এবং তৎসহ কলকাতা হতে চণ্ডীগড় পর্যন্ত বিমানযোগে যাতায়াতের ও খাওয়া থাকার সুযোগ।
- দ্বিতীয় পুরস্কারের বিক্রেতা পাবেন—নগদ ৭৫০, টাকা
- তৃতীয় পুরস্কারের বিক্রেতা পাবেন—নগদ ৭৫, টাকা

পুরস্কারবিজয়ী টিকিটের পূর্ববর্তী ও পরবর্তী কাউণ্টার ফয়েল সহ লোকনাথ ডিস্ট্রিবিউটরসের অফিসে আবেদন করতে হবে।

ক্রেতাদের প্রতি

আমাদের এজেন্সীর টিকিটের :—

- প্রথম পুরস্কারবিজয়ী ক্রেতা পাবেন—কলকাতা হতে চণ্ডীগড় পর্যন্ত বিমানযোগে যাতায়াত ও খাওয়া থাকার সুযোগ।
- দ্বিতীয় পুরস্কারবিজয়ী ক্রেতা পাবেন—কলকাতা হতে চণ্ডীগড় পর্যন্ত যাতায়াতে দ্বিতীয় শ্রেণীর রেলভাড়া ও থাকা খাওয়ার সুযোগ।
- এ ছাড়া পুরস্কার বিজয়ীদিগকে টাকা আদায়ের সম্ভাব্য সর্বপ্রকার সহযোগিতা করা হবে।
- হরিয়ানার টিকিট কাউণ্টার হইতে ১০টি একত্রে খরিদ করিলে ১টি টিকিট বিনামূল্যে উপহার দেওয়া হইবে। খুচরা ১০টি টিকিটের M.O. পাঠাইলে ডাক মাশুল লাগিবে না। পাইকারী ক্রেতাদের জন্য আকর্ষণীয় কমিশন।

লোকনাথ ডিস্ট্রিবিউটরস্

৩০৮, আচার্য প্রফুল্লচন্দ্র রোড,
কলিকাতা—৯। ফোন : ৩৫-৬৮৩২

আনন্দবাজার পত্রিকা

বিমান মাশুল : আগরতলা
আসাম, মণিপুর, নাগাল্যান্ড, ত্রিপুরা ও উত্তরবঙ্গ — প্রতি সংখ্যা ৪ পয়সা
জামসেদপুর ও রাঁচি " " ২ পয়সা

Tele : ANANDRABAZAR, Cal
Phone : 23-2283 (Seven Lines)
23-8541 (Five Lines)
POST BOX NO. 2536 G.P.O

১লা ফেব্রুয়ারি, ১৯৭১ তারিখ হইতে পরিবর্তিত চাঁদার হার :—

	বার্ষিক	ষান্মাসিক	ত্রৈমাসিক
কলিকাতা	৭৭.০০ টাকা	৩৯.০০ টাকা	২০.০০ টাকা
সডাক			
ভারতে	৯৫.০০ টাকা	৪৮.০০ টাকা	২৪.৫০ পয়সা
ভারতের বাহিরে জাহাজ ডাকে	১৮৫.০০ টাকা	৯৩.০০ টাকা	৪৭.০০ টাকা
বিমান ডাকে			
আসাম	১১৮.০০ টাকা	৬০.০০ টাকা	৩১.০০ টাকা
ভারতের অন্যান্য স্থানে	২৫৯.০০ টাকা	১৩০.০০ টাকা	৬৫.৫০ পয়সা
রবিবাসরীয় সংখ্যা			
ভারতে	১৪.০০ টাকা	৭.৫০ টাকা	x x x x
ভারতের বাহিরে জাহাজ ডাকে	২৯.০০ টাকা	১৫.০০ টাকা	x x x x

অন্যান্য চাঁদার হারের জন্য যোগাযোগ বাঞ্ছনীয়।

কর্মখালি

নোটিস

২৪ পরগণার পাবলিক প্রসিকিউটরের পদে নিয়োগের জন্য ২৪ পরগণা জেলা ও কলিকাতায় প্র্যাকটিস করিতেছেন, এইরূপ ভারতীয় নাগরিক আইনজীবীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা হইতেছে। আবেদনকারীদের বয়স ষাট বৎসরের কম হওয়া চাই।

নিম্নোক্ত বিবরণাদি উল্লেখ করিয়া সাধারণ কাগজে দরখাস্ত করিতে হইবে:

(১) পুরা নাম (বড়হাতের হরফে):
(২) পিতার নাম:
(৩) বর্তমান ও স্থায়ী ঠিকানা:
(৪) জন্ম তারিখ:
(৫) শিক্ষাগত যোগ্যতা, যে শিক্ষায়তনে পড়িয়াছেন উহার নাম এবং প্রাপ্ত ডিভিসন সহ উত্তীর্ণ পরীক্ষা উল্লেখ করিতে হইবে:
(৬) আইনজীবী হিসাবে নাম তালিকাভুক্ত করার বৎসর:
(৭) পাবলিক প্রসিকিউটরের জুনিয়র-সিনিয়ার প্যানেলভুক্ত হইয়াছেন কি না ও হইয়া থাকিলে উহার পর হইতে অভিজ্ঞতা উল্লেখ করিতে হইবে:

২৪ পরগণার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের নিকট দরখাস্ত করিতে হইবে এবং উহা ২২ সেপ্টেম্বর, ১৯৭১ তারিখ মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছা চাই।

স্বাঃ বি মুখোপাধ্যায়, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, ২৪ পরগণা
(৯৬০৭)

নদীয়া জিলা পরিষদ, কৃষ্ণনগর, নদীয়া

কর্মখালির বিজ্ঞপ্তি।

নদীয়া জিলা পরিষদের অধীন জিলা বাস্তুকারের পদের জন্য ভারতীয় নাগরিকগণের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে অবশ্যই সিভিল ইঞ্জিনীয়ারিং-এ স্নাতক ও অন্যূন পাঁচ বছরের অভিজ্ঞতা-সম্পন্ন হইতে হইবে। বয়স ২৭ হইতে ৪০ মধ্যে হওয়া চাই।

বেতন হার :—৪৭৫—৩০—৬৮৫—৩৫—১০০০—৫০—১১৫০ (অষ্টম ও ষোড়শ পর্যায়ে যোগ্যতাগত বাধাসহ)।

আবেদনপত্রে বয়স, শিক্ষাগত যোগ্যতা, পূর্ব অভিজ্ঞতা, জেলার নাম ও সম্ভব হইলে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করিতে হইবে। আবেদনপত্র নিম্ন স্বাক্ষরকারীর নিকট ২৩-৯-৭১ তারিখের মধ্যে পৌঁছানো চাই। খামের উপর "জিলা বাস্তুকার নিয়োগ" শব্দটি লিখিতে হইবে। বিশেষ যোগ্য প্রার্থীকে অগ্রিম বেতনবৃদ্ধি দেওয়া যাইতে পারে।

শ্রীতারকদাস বসাক, প্রশাসক
কৃষ্ণনগর
৯ই সেপ্টেম্বর, ১৯৭১
(৯৪৫৭)

নিরুদ্দিষ্টের প্রতি পত্র

সনৎ চাকরীর ক্ষতি হচ্ছে, খোকন কাঁদছে, চলে এসো কিংবা খবর দাও। শ্রীদুর্গাপদ চৌধুরী, খেনুয়া। (সি ১৪১৯)

শ্যামল পুটু, ফিরে এসো। ক্ষমা করেছি। অসুবিধা হলে লিখবে। টাকা পাঠাব।—বাবা (সি ১৪০১)

নাম ঠিকানা পরিবর্তন

আমি শ্রীমিহিরকুমার দাস ৫-৬-৬৩ তারিখে এফিডেবিট বলে শ্রীমিহিরকুমার মুখার্জি পিতা স্বর্গীয় নরেন্দ্রনাথ মুখার্জি নামে পরিচিত হইয়াছি। (সি ১৪৩৬)

মোটরকার-লরী

কলিকাতা এবং হাওড়াতে উৎকৃষ্ট বাস-রুট বাসসহ লীজে মেট্রোপলিটিওন ট্যাক্সী পারমিট লীজে। কয়েকটি বাস, লরী কিস্তিতে বিক্রয়। জ্ঞানবাবু, ২৩-৭৩৪০, ২—৫টা। (সি ১৩৫৪)

বাদ্যযন্ত্র

৩২ বেস জার্মান হোনার একর্ডিয়ন লাল ৩-কপলার উত্তম অবস্থায় বিক্রয়: পি রি দাস, স্টেশন রোড, খড়দহ। (সি ১৩৬০)

স্মৃতির উদ্দেশে

সবিতা, তিন বছর আগে এইদিনে (১৪ই সেপ্টেম্বর, ৬৮) তোমার মৌসুমী এল আর মৃত্যু তোমাকে নিয়ে গেলো। তোমার মৌসুমীকে আশীর্বাদ করো। তোমার স্মৃতি আমাদের মনে চির-উজ্জ্বল। —আমরা সবাই। (সি ৫৮৯)

তীর্থ ও প্রমোদ ভ্রমণ

টুরিস্ট কোচে ভূস্বর্গ কাশ্মীর, হরিদ্বার, মুসৌরী, অমৃতসর, সিমলা, দিল্লি, আগ্রা, ২৪/৯ জনতা স্পেশ্যাল, পি-৪০ ইণ্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, কলি-১। ফোন ৩৪-৯৫০১। (সি ১৪১৩)

ছাপাখানা

একটি কাগজ ছাপাইবার ট্রেডেল (বিলাতী, পুরানো চালু অবস্থায়) ক্রয় করিতে চাই। যোগাযোগ করুন: এস কে সাহা, ১১/১ নাথের বাগান স্ট্রীট, কলিকাতা-৫। সময়—প্রাতে ৯—১১টা, বৈকাল ৩—৫টা, ফোন (৩৩-৬৩৮৬)। (সি ১৪৩৩)

ঔষধ ও চিকিৎসক

বিবাহের পূর্বে অথবা পরে কোনো প্রকার দুর্বলতা অথবা জটিল ব্যাধি অনুভব করিলে এবং পরিবার পরিকল্পনায় বিশেষজ্ঞের সাক্ষাৎ করুন। স্পেশাল ক্লিনিক। ১২৫, মহাত্মা গান্ধী রোড, কলিঃ-৭। ফোন: ৩৪-৩৮৫৮। (৮৭৯৩ এ)

যৌন ব্যাধি কি?

কেন? ও তার বৈজ্ঞানিক চিকিৎসার অন্যতম প্রতিষ্ঠান—এ রায় ইণ্ডিয়া ক্লিনিক, ১১৬/১/১, হ্যারিসন রোড, কলিকাতা-৭। ফোন : ৩৪-৩৯৪০। (৮৪০০এ)

স্কুল-কলেজ-শিক্ষা

সুরেন্দ্রনাথ কলেজ

তৃতীয় বার্ষিক কমার্স ক্লাসসমূহ ১৩ সেপ্টেম্বর, ১৯৭১ হইতে আরম্ভ হইয়াছে।—প্রিন্সিপ্যাল। (৯৬৬৩)

পশ্চিমবঙ্গ সরকার

লেডী ব্রেবোর্ণ কলেজ, কলিকাতা

কলিকাতা বিশ্ববিদ্যালয় ও পশ্চিমবঙ্গের মধ্য শিক্ষা পর্ষদের পরীক্ষাগুলির ফল প্রকাশের তারিখ হইতে আট দিন মধ্যে প্রি-ইউনিভার্সিটি ক্লাস ও ত্রিবার্ষিক ডিগ্রী কোর্সের ১ম বার্ষিক ক্লাসে ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত গৃহীত হইবে। যে সমস্ত ছাত্রী ১ম ডিভিসন বা উচ্চ ২য় ডিভিসনে উত্তীর্ণ হইয়াছেন কেবল তাঁহারাই মার্কশীট সংগে দিয়া আবেদন করিবেন। কিছু মেধাবী ও অভাবী ছাত্রীকে স্টাইপেণ্ড ও ফ্রী ও হাফ-ফ্রী স্টুডেণ্টশিপ দেওয়া হইবে। শিক্ষা কোর্স : (১) প্রি-ইউনিভার্সিটি (আর্টস ও সায়ান্স)—ইংরেজি, বাংলা, আরবি, উর্দু, পারসী, সংস্কৃত, ঐচ্ছিক ইংরেজি, বাংলা ভার্ণাকুলার, উর্দু ভার্ণাকুলার, হিন্দী ভার্ণাকুলার, বিকল্প ইংরেজি, ইতিহাস, তর্কশাস্ত্র, পৌরবিজ্ঞান, ভূগোল, বাণিজ্যিক ভূগোল, গণিত, রসায়নশাস্ত্র, পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, জীববিদ্যা। (২) ৩ বৎসরের ডিগ্রী পাস (আর্টস ও সায়ান্স)—ইংরেজি, বাংলা, ভার্ণাকুলার, উর্দু ভার্ণাকুলার, হিন্দী ভার্ণাকুলার, বিকল্প ইংরেজি, বাংলা, উর্দু, আরবী, পারসী, সংস্কৃত, ইংরেজি, ইতিহাস, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, গণিত, ভূগোল, রসায়নশাস্ত্র, পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণীবিদ্যা, কেমিস্ট্রি-এ। (৩) ৩-বৎসরের ডিগ্রী অনার্স (আর্টস ও সায়ান্স)—ইংরেজি, সংস্কৃত, বাংলা, উর্দু, আরবী, পারসী, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, দর্শন, ভূগোল, গণিত, রসায়নশাস্ত্র, পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা। সকল অনার্স বিষয়ে ভর্তি পরীক্ষা (বাংলা অনার্স ব্যতীত অন্যান্য ক্ষেত্রে ইংরেজিতে লওয়া হইবে) গৃহীত হইবে। দরখাস্তের ফরম ও প্রসপেক্টাসের জন্য উত্তীর্ণ পরীক্ষার ফলাফল পরিষ্কারভাবে উল্লেখ করিয়া ও ২০ পয়সার ডাকটিকিট সহ প্রিন্সিপ্যাল, লেডী ব্রেবোর্ণ কলেজ, পি-১/২, সুহরাবর্দী অ্যাভেনিউ, কলিকাতা-১৭ নিকট আবেদন করিতে হইবে।
৩৬২৭(৩)আইপিআর/এ/৭১ (৯৫৮২)

ব্যক্তিগত

ইন্দো জার্মান ক্লাব কালচারাল অ্যাটাশে মিঃ পিটার ভন বাটলারের এডুকেশনাল সিসটেম ইন দি ফেডারেল রিপাবলিক অব জার্মানি বিষয়ে লেকচার শোনার জন্য আপনাকে সাদর আমন্ত্রণ জানাচ্ছে। সময় আজ সন্ধ্যা ৭-৩০টা। স্থান ম্যাক্সমুলার ভবন। (৯৬৫৩)

ম্যাক্সমুলার ভবনে অনুষ্ঠিত নির্মলকুমার দত্তের 'পোরট্রেটস অন টাইপরাইটার মেশিন' প্রদর্শনীর সময় বাড়াইয়া দেওয়া হইয়াছে। প্রদর্শনীটি ১৭ সেপ্টেম্বর পর্যন্ত সকাল ১০টা হইতে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা থাকিবে। স্থান—এম এম বি, ৮ বালিগঞ্জ-সার্কুলার রোড, কলিকাতা-১৯। প্রদর্শনীর ছবিগুলি বিক্রয় করা হইবে। (৯৬৫২)

শিশুদের রংবেরঙের পোশাকের স্বপ্নজগতে অসম্ভব হ্রাস মূল্যে। আসুন : ইণ্ডিয়া'জ হবি সেণ্টার, ১/এ, রাসেল স্ট্রীট, কলিকাতা। (৯৫৪২-এ)

নোটিস

দি কমিশনার্স ফর দি পোর্ট অব ক্যালকাটা

নোটিস

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এতদ্বারা বিজ্ঞাপিত করা যাইতেছে যে, ৩০ সেপ্টেম্বর ১৯৭১ তারিখের পর পোর্ট এলাকায় প্রবেশের জন্য পুরাতন দ্বিবার্ষিকী পারমিট স্বীকৃত হইবে না। একটি ভিন্ন ধরনের পারমিটের প্রবর্তন করা হইয়াছে এবং ১ অক্টোবর ১৯৭১ তারিখ হইতে কেবল এই সমস্ত পারমিটই বৈধ হইবে। যাঁহাদের পুরাতন দ্বিবার্ষিকী পারমিট আছে তাঁহাদিগকে ৩০ সেপ্টেম্বর ১৯৭১ তারিখ মধ্যে অবশ্যই নূতন পারমিট লইতে বলা হইতেছে।

টি আর রঘুপতি, সেক্রেটারি
১১ সেপ্টেম্বর, ১৯৭১
(৯৬৬১এ)

ফরম নং ১৫৫
(৩২৯নং রুল দ্রষ্টব্য)

পাওনাদারদের স্বেচ্ছায় গুটাইয়া লওয়া কোম্পানির নাম : বিহার লাইমস্টোন অ্যাণ্ড মিনারেল কোং লিমিটেড (লিকুইডেশনে)

চূড়ান্ত সভা আহ্বান করিয়া নোটিস

৪৯৭/৫০৯ ধারা অনুযায়ী এতদ্বারা বিজ্ঞাপিত করা যাইতেছে যে, যে পদ্ধতিতে গুটাইয়া লওয়ার কাজ করা হইয়াছে এবং কোম্পানির সম্পত্তি বিক্রয় করা হইয়াছে তাহার একটি হিসাব সদস্যদের সম্মুখে উপস্থাপিত করিবার জন্য এবং লিকুইডেটর কোন কৈফিয়ত দিলে তাহার শুনানির জন্য এবং যে পদ্ধতিতে কোম্পানি ও লিকুইডেটরের বহি, হিসাবপত্র ও কাগজপত্রের বিলি ব্যবস্থা হইবে পাওনাদারগণ কর্তৃক কোম্পানির একটি বিশেষ প্রস্তাব দ্বারা তাহা নির্ধারণের জন্য ২২ অক্টোবর ১৯৭১ তারিখ বেলা ১টায় ৪ সিনাগগ স্ট্রীট, কলিকাতা-১ ঠিকানায় উপরোক্ত নামীয় কোম্পানির সদস্যদের একটি সাধারণ সভা এবং ২২ অক্টোবর ১৯৭১ তারিখ বেলা ১-৩০টায় ৪ সিনাগগ স্ট্রীট, কলিকাতা-১ ঠিকানায় পাওনাদারদের একটি সভা অনুষ্ঠিত হইবে।

রামলক্ষ্মণপ্রসাদ সিংহ, লিকুইডেটর।
তারিখ ১০ সেপ্টেম্বর, ১৯৭১।
(৯৬০২)

রেলওয়ে

দঃ পূঃ রেলওয়ে

টেণ্ডার

ওয়াডসা রেলওয়ে স্টেশন হইয়া প্যাসেঞ্জার, লগেজ, পার্সেল ও স্মলসে গুডস ট্রাফিক হ্যাণ্ডলিং/বুকিং ডেলিভারি ও পরিবহণের জন্য মহারাষ্ট্রের চন্দ্রপুর জেলায় আরমোরিতে আউট এজেন্সির কাজের জন্য সীলকরা টেণ্ডার আহ্বান করা হইতেছে এবং তাহা নিম্নবর্ণিত কর্তৃক ১২-১০-৭১ তারিখ বেলা ৩টা পর্যন্ত গৃহীত হইবে।

বায়নার পরিমাণ ২,০০০, টাকা। সফলকাম টেণ্ডারদাতাকে ১০,০০০, টাকা জামিন জমা রাখিতে হইবে।

প্রতি প্রস্থ বাবদ অফেরত ৫, টাকা আদায় দিলে/মনি অর্ডারযোগে পাঠাইলে (টেণ্ডার ফরম রেজিস্টার্ড ডাকে পাইতে হইলে প্রতি কপি টেণ্ডার ফরম বাবদ আরও ২, টাকা পাঠাইতে হইবে) ৮-১০-১৯৭১ তারিখ পর্যন্ত নাগপুরস্থ দঃ পূঃ রেলওয়ের ডিভিশনাল সুপারিণ্টেণ্ডেণ্টের অফিসে এবং কলিকাতাস্থ দঃ পূঃ রেলওয়ের এসপ্ল্যানেড ম্যানসন্স বুকিং অফিসে অ্যাসিস্ট্যাণ্ট কমার্শিয়াল অফিসারের নিকট বিস্তারিত বিবরণসহ টেণ্ডার ফরম পাওয়া যাইবে।

কোন কারণ না দর্শাইয়া যে-কোন বা সমস্ত টেণ্ডার অগ্রাহ্য করার, কাজ ভাগ করিয়া দিবার বা হ্রাস করার অথবা যে-কোন টেণ্ডার অংশত গ্রাহ্য করার অধিকার নিম্নবর্ণিত কর্তৃক সংরক্ষিত।

চীফ কমার্শিয়াল সুপারিণ্টেণ্ডেণ্ট, রণজি স্টেডিয়াম, কলিকাতা-২১
পিআর/এসই/পিএ/১/সি-৪২ (৯৫১৫)

টেণ্ডার

টেণ্ডার নোটিস

ভারতের রাষ্ট্রপতির পক্ষে এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, বস্তী ইমপ্রুভমেণ্ট ডিভিসন নং ১, সি পি ডবলিউ ডি, ২৩৪/৪, আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলিকাতা-২০ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য সি পি ডবলিউ ডি-এর অনুমোদিত ও যোগ্য ঠিকাদার ও রাজ্য পি ডবলিউ ডি, এম ই এস এবং রেলওয়ের যথোপযুক্ত শ্রেণীর ঠিকাদার এবং স্বীকৃত ঠিকাদারগণ যাঁহারা স্বায়ত্তশাসিত সংস্থা, সরকারী সংস্থা, কর্পোরেশনের তালিকাভুক্ত অথবা যাঁহারা কোন বেসরকারী সংস্থায় কাজ সন্তোষজনকভাবে সম্পাদন করিয়াছেন ও হালসময়ের আয়কর পরিশোধের সার্টিফিকেট আছে, তাঁহাদের নিকট হইতে ২০-৯-৭১ তারিখ বেলা ৩টা পর্যন্ত সীলকরা পারসেণ্টেজ রেট টেণ্ডার আহ্বান করা হইতেছে:—

কাজের নাম	ব্যয়বরাদ্দ
উত্তরে সেলিমপুর রোড, পূর্বে ও দক্ষিণে কে পি রায় রোড এবং প শ্চি মে ঝিল রোড সীমানাবদ্ধ (ব্লক নং ৩) ঢাকুরিয়া এলাকায় বর্তমান রাস্তা, ড্রেন, ফুটপাথের উন্নয়ন কাজ এবং নলকূপ ও ডাস্টবিন ইত্যাদির ব্যবস্থা করা এস এইচ: নলকূপ (দশটি)।	৪০,০২৮,

সেইদিনই বেলা ৩-৩০টায় টেণ্ডার খোলা হইবে। বায়নাস্বরূপ ১০০০, টাকা, রিজার্ভ ব্যাঙ্ক/স্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়া/ট্রেজারীতে জমা দিতে হইবে এবং রিসিট করা চালান টেণ্ডারের সহিত গাঁথিয়া দিতে হইবে অথবা ইহা রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া কর্তৃক গ্যারাণ্টিপ্রদত্ত কোন শিডিউল্ড ব্যাঙ্কের "ডিপোজিট অ্যাট কল রসিদ" আকারে জমা দেওয়া যাইবে। শর্তাদি ও টেণ্ডার ফরম ১৮-৯-৭১ তারিখ পর্যন্ত যে-কোন কাজের দিন বিকাল ৫টার মধ্যে অফেরতযোগ্য ৫, টাকা (পাঁচ টাকা) মূল্যে তাঁহার অফিসে পাওয়া যাইবে।

উপরোক্ত প্রণালীতে যে সমস্ত ঠিকাদার বায়নার টাকা জমা দিবেন না, তাঁহাদের টেণ্ডার সরাসরি অগ্রাহ্য হইয়া যাইবে। (৯৬২৪)

অ্যাডিশনাল এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, সুবার্বন ড্রেনেজ ডিভি, আই অ্যাণ্ড ডব্লিউ ডিরেক্টরেট, পি-৫, সি আই টি স্কীম ৫৫ (৪র্থ তল), কলিকাতা ১৪—নিম্নোক্ত কাজগুলির জন্য আই অ্যাণ্ড ডব্লিউ ডি-এর ১ম ও ২য় শ্রেণীর তালিকাভুক্ত ঠিকাদার ও গ্রেটার ক্যালকাটা ড্রেনেজ সার্কেলের ৩য় শ্রেণীর তালিকাভুক্ত ঠিকাদারদের নিকট হইতে বি এফ ২৯১১(১)'তে পৃথক পৃথক সীলকরা টেণ্ডার আহ্বান করিতেছেন। কাজের নাম, অনুমিত ব্যয়বরাদ্দ, বায়নার পরিমাণ ও কাজ শেষ করার মেয়াদ যথাক্রমে নিম্নরূপ : (১) কাটাখালি স্কীমের ১৯৭১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত এম্বাংকমেণ্ট ক্যানাল, স্ট্রাকচার ইত্যাদির পুনঃ সংস্কার। ৩৫,০০০, টাকা; ৭০০, টাকা; ১ মাস। (২) ঘুনিখালি স্কীমের ১৯৭১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত এম্বাংকমেণ্ট ক্যানাল, স্ট্রাকচার ইত্যাদির পুনঃ সংস্কার; ৪০,০০০, টাকা; ৮০০, টাকা; ১ মাস। ১৬ সেপ্টেম্বর, ১৯৭১ তারিখ পর্যন্ত বেলা ১১টা হইতে বেলা ৩টার মধ্যে উপরোক্ত অফিসে টেণ্ডারের কাগজপত্র ক্রয় করা হইবে। ১৭ সেপ্টেম্বর, ১৯৭১ তারিখ বেলা ১১টা হইতে বেলা ২টার মধ্যে টেণ্ডার গৃহীত হইবে।
৩৬৪৯(২) আই পি আর/এ/৭১ (৯৬৫৫)

দি ইস্ট ইণ্ডিয়া হোটেলস লিঃ

হোটেল ওবেরয় গ্র্যাণ্ড
টেণ্ডার নোটিস

১ অক্টোবর, ১৯৭১ হইতে ৩১ মার্চ, ১৯৭১ পর্যন্ত

কলিকাতার ১৫ চৌরঙ্গী রোডস্থিত হোটেল ওবেরয় গ্র্যাণ্ডের জন্য নিম্নোক্ত দ্রব্যাদি সরবরাহের নিমিত্ত সীলকরা টেণ্ডার আহ্বান করা যাইতেছে:

(১) টাটকা সব্জি
(২) পোলট্রি (চিকেন—ভারতীয় এবং ইংলিশ)
(৩) সকল প্রকার মাংস—মটন, বীফ ও পর্ক
(৪) আলু ও পেঁয়াজ
(৫) ডিম—ইংলিশ
(৬) কুকিং বাটার
(৭) দুধ ও ক্রীম

টেণ্ডার ফরম ১৫ সেপ্টেম্বর, ১৯৭১ হইতে ২২ সেপ্টেম্বর, ১৯৭১ তারিখ পর্যন্ত যে-কোন কাজের দিন বেলা ১০টা হইতে বিকাল ৫টার মধ্যে মিঃ রামজীদাস, স্টোর্স, হোটেল ওবেরয় গ্র্যাণ্ড, কলিকাতা-এর নিকট হইতে পাওয়া যাইবে। দাখিলের শেষ তারিখ ২২ সেপ্টেম্বর, ১৯৭১ বিকাল ঠিক ৫টা। টেণ্ডারদাতাদিগকে প্রত্যেক টেণ্ডারের জন্য বায়না হিসাবে ২৫০, টাকা জমা দিতে হইবে। টেণ্ডার ২৪ সেপ্টেম্বর, ১৯৭১ তারিখ বিকাল ৪টায় ওবেরয় গ্র্যাণ্ডের জেনারেল ম্যানেজারের অফিসে খোলা হইবে। (৯৬৫৪)

আইন-আদালত

এল এল বি পরীক্ষা বাতিল সম্পর্কে হাইকোরটের রুল

কলকাতা হাইকোরটের বিচারপতি শ্রী পি কে ব্যানার্জি কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও সিন্ডিকেটের উপর একটি রুল জারি করে গত ১০ সেপটেমবর সিন্ডিকেটের সভায় এল এল বি পরীক্ষা বাতিলের যে সিদ্ধান্ত নেওয়া হয় কেন তা খারিজ করা হবে না তার কারণ দর্শাবার আদেশ দিয়েছেন।

সংবিধানের ২২৬ অনুচ্ছেদ অনুসারে নির্মলচন্দ্র শেঠ, বৈদ্যনাথ দত্ত ও রথীন্দ্রচন্দ্র দাসের এক আবেদন অনুযায়ী বিচারপতি শ্রীব্যানারজি এই রুল জারি করেন। ১৫ সেপটেমবর রুলের জবাব দিতে হবে।

আবেদনকারীদের বক্তব্য, 'বোরড অব ডিসিপলিন' ওই সিদ্ধান্ত গ্রহণের সুপারিশ করেনি। পরীক্ষা গ্রহণের ৫ মাস পর এই সিদ্ধান্ত অসংগত।

ডেপুটি লিগ্যাল রিমেমব্রানস নিয়োগ নিয়ে রুল ও ইনজাংশন

পঃ বঙ্গে ডেপুটি লিগ্যাল রিমেমব্রানস পদে শ্রীরাজেশচন্দ্র ঘোষের নিয়োগের বৈধতা সংক্রান্ত প্রশ্নে কলকাতা হাইকোরটের বিচারপতি শ্রী পি কে ব্যানারজি রাজ্য সরকারের উপর একটি রুল ও অন্তর্বর্তী ইনজাংশন জারি করেছেন। রুলের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত শ্রীঘোষ ওই পদে কাজ করতে পারবেন না।

জেলে বিচারাধীন বন্দীদের অবস্থা সম্পর্কে অভিযোগ

পুলিশ সাব ইনসপেকটর শ্রীঅমিতাভ সিংহ রায়ের হত্যাকাণ্ড সংক্রান্ত মামলায় অভিযুক্ত বিচারাধীন বন্দী অশোক চক্রবর্তীর মাতা শ্রীমতী কমলা চক্রবর্তীর তরফ থেকে প্রেসিডেন্সি ম্যাজিসট্রেট শ্রী এ এন মুখারজির আদালতে প্রেসিডেন্সি জেল কর্তৃপক্ষের বিরুদ্ধে এই মর্মে অভিযোগ করা হয়েছে যে, বন্দীকে উপযুক্ত খাদ্য ও ওষুধ দেওয়া হয় না। অত্যন্ত কষ্টের মধ্যে তাকে দিন কাটাতে হচ্ছে। বন্দীকে তার মার সংগে কথা পর্যন্ত বলতে দেওয়া হয় না।

আসামী পক্ষের অ্যাডভোকেট শ্রীনীলাদ্রি গুহ গত ২ আগসট আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত 'জেলের হাল' শীর্ষক রচনার প্রতি ম্যাজিসট্রেটের দৃষ্টি আকর্ষণ করেন।

ম্যাজিসট্রেট বলেন, জেলে বন্দীদের অবস্থার উন্নতির ব্যাপারে উর্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি দেওয়া উচিত বলে তিনি মনে করেন।

এস এস পি-নব কংগ্রেস সংযুক্তি নিয়ে আলোচনা

বিশেষ সংবাদদাতা

নয়াদিল্লি, ১৩ সেপটেমবর— পশ্চিমবঙ্গের এস এস পি প্রাদেশিক কমিটির (ডেমোক্রাটিক কোয়ালিশন) সেক্রেটারী শ্রীঅশোক ভট্টাচার্য নব কংগ্রেসের সঙ্গে তাঁর দলের অন্তর্ভুক্তি সম্বন্ধে শ্রীসিদ্ধার্থশংকর রায়, শ্রীআবদুস সাত্তার ও শ্রীদেবীপ্রসাদ চট্টোপাধ্যায়ের সংগে সাক্ষাৎ করেন।

শ্রী ভট্টাচার্য বলেন নব কংগ্রেসের নেতৃবৃন্দ এই অন্তর্ভুক্তির প্রস্তাবে সম্মত হয়েছেন। যুক্ত ফ্রনটের প্রাক্তন মন্ত্রী শ্রীকাশীকান্ত মৈত্র এর নেতৃত্ব করবেন।

শ্রী ভট্টাচার্য বলেন তাঁর দলের প্রায় ১০,০০০ কর্মী নব কংগ্রেসে যোগ দেওয়ার জন্য প্রস্তুত আছেন।

টেণ্ডার

দি দুর্গাপুর প্রজেক্টস লিঃ

(পশ্চিমবঙ্গ সরকারের একটি সংস্থা)
অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাণ্ড সেক্রে. ডিপার্ট
দুর্গাপুর-১, জেলা বর্ধমান
নং ২৪১৮/এম ডি/৪-২/৭১
তারিখ : ২৬শে অগস্ট'৭১

১৯৭১-৭২ সালের ৫নং টেণ্ডার আহ্বান করিয়া নোটিস

এক বৎসরকালের জন্য রেলওয়ে ওয়াগন হইতে দুর্গাপুরস্থ দি দুর্গাপুর প্রজেক্টস লিমিটেডের কোক ওভেন ও কোল ওয়াশারিতে কয়লা ও কোক খালাস করার জন্য প্রখ্যাত ও অভিজ্ঞ ঠিকাদারদের নিকট হইতে সীল-করা টেণ্ডার আহ্বান করা হইতেছে।

অনুমিত ব্যয়বরাদ্দ : ২,৫৬,০০০, টাকা। বায়নার পরিমাণ : ৭,৭০০, টাকা। "দি দুর্গাপুর প্রজেক্টস লিমিটেড, দুর্গাপুর"-এর অনুকূলে ব্যাঙ্ক ড্রাফটের আকারে এই টাকা টেণ্ডারের সঙ্গে জমা দিতে হইবে। টেণ্ডার গ্রহণের শেষ তারিখ ১২ই অক্টোবর, ১৯৭১ বেলা ৩টা পর্যন্ত এবং উহা সেইদিনই বেলা ৩-৩০টায় খোলা হইবে।

প্রতি প্রস্থের জন্য ২৫, টাকা (অফেরতযোগ্য) আদায় দিলে ১১ই অক্টোবর, ১৯৭১ তারিখ মধ্যাহ্ন ১২টা পর্যন্ত যে-কোন কাজের দিন ম্যানেজিং ডিরেক্টরের অফিস, দি দুর্গাপুর প্রজেক্টস লিমিটেড, দুর্গাপুর-১, বর্ধমান-এর অফিসে টেণ্ডারের বিস্তারিত স্পেসিফিকেশন পাওয়া যাইবে।

টেণ্ডারের কাগজপত্র ইস্যু করার পূর্বে টেণ্ডারদাতাকে নিজের যোগ্যতা প্রমাণের জন্য আয়কর ও বিক্রয়কর পরিশোধের মূল শংসাপত্র এবং অন্যান্য পরিচয়পত্র অবশ্যই পেশ করিতে হইবে।

স্বাঃ এম আর বসু, অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, দি দুর্গাপুর প্রজেক্টস লিমিটেড।
(৯৪৮৭)

নব কংগ্রেস অ্যাড হক কমিটি

প্রথম পৃষ্ঠার পর

রাজ্যে অ্যাড হক কমিটি গঠনের ব্যাপারে পঃ বঙ্গ কংগ্রেস (নব) সদস্যরা কিন্তু একমত নন। একদিকে শ্রীসাত্তারের নেতৃত্বে প্রদেশ কংগ্রেসের ৮জন সদস্য অ্যাড হক কমিটি গঠন সম্পর্কে কংগ্রেস (নব) সভাপতি, প্রধান মন্ত্রী ও শ্রীযাদবের সংগে যুক্তভাবে আলোচনা করেন। অপর দিকে, এ আই সি সি (নব) সদস্য শ্রীনারায়ণ চৌধুরী, কেন্দ্রীয় উপমন্ত্রী শ্রীঅমিয় কিসকু প্রভৃতিরাও কেন্দ্রীয় নেতাদের সংগে পঃ বঙ্গের সম্পর্কে আলোচনা করেন। তাঁরা ১০ জনের নামের একটি তালিকা দাখিল করেছেন। এঁদের প্রস্তাবিত অ্যাড হক কমিটিতে নেওয়ার দাবিও তাঁরা জানিয়েছেন।

শ্রীচৌধুরী সাংবাদিকদের পরে বলেন যে, হাই কমানড একটি বিকল্প নামের তালিকা দেওয়ার জন্য তাঁদের বলেছিলেন। ওই ১০ জনের মধ্যে কয়েকজনকে নেওয়ার আশ্বাস দেওয়া হয়েছে বলে তিনি জানান।

পঃ বঙ্গ প্রদেশ কংগ্রেস (নব) কমিটির দুই প্রতিনিধি দলের মধ্যে মতবিরোধটা যে খুবই তীব্র তা প্রকাশ পায় তাঁদের আচরণে।

শ্রীনারায়ণ চৌধুরীর নেতৃত্বে প্রতিনিধি দল নিঃ ভাঃ কংগ্রেসের (নব) সাধারণ সম্পাদক শ্রীযাদবের কক্ষে ঢুকলে প্রতিবাদে শ্রীসাত্তারের নেতৃত্বাধীন প্রতিনিধিদল ওই কক্ষ ত্যাগ করেন। এ থেকে এটা সুস্পষ্ট হয়ে ওঠে যে, দুদল এক সংগে কেন্দ্রীয় নেতাদের সংগে আলোচনায় নারাজ।

প্রদেশ কংগ্রেস (নব) সরকারী প্রতিনিধি দলে ছিলেন: সর্বশ্রী আবদুস সাত্তার (দলের নেতা), বিজয় সিং নাহার, তরুণকান্তি ঘোষ, দেবী চট্টোপাধ্যায়, সন্তোষ রায়, অরুণ মৈত্র, এ বি খান চৌধুরী ও ডাঃ জয়নাল আবেদিন।

অপর প্রতিনিধি দলে ছিলেন: সর্বশ্রী নারায়ণ চৌধুরী, অমিয়কুমার কিসকু, সংসদ সদস্য শান্তি সরকার, রবি চৌধুরী, বিনয় ব্যানার্জি ও অমল গাঙ্গুলি।

রাজস্থানের অ্যাড হক কমিটি

আজ রাত্রে এখানে রাজস্থানের নেতৃবৃন্দ ও প্রধানমন্ত্রীর মধ্যে বৈঠকের পর রাজস্থান প্রদেশ কংগ্রেস (নব) কার্যনির্বাহক কমিটির ৩১ জন সদস্যের ও প্রদেশ নির্বাচনী কমিটির ১৪ জন সদস্যের নাম স্থির হয়। আলোচনার সময় শ্রীউমাশংকর দীক্ষিত ও শ্রীচন্দ্রজিৎ যাদব উপস্থিত ছিলেন।

রাষ্ট্রপতি গিরি আজ সিঙ্গাপুরে যাচ্ছেন

সিঙ্গাপুর, ১৩ সেপটেমবর— রাষ্ট্রপতি শ্রী ভি ভি গিরি চার দিনব্যাপী সফরে আগামীকাল এখানে আসছেন। তিনি এখানকার শিল্প এবং গৃহ প্রকল্পগুলি পরিদর্শন করবেন। সিঙ্গাপুরের ভারতীয় সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গেও তিনি মিলিত হবেন।

তাঁর সঙ্গে আসবেন তাঁর পত্নী এবং সংসদীয় বিষয়ক দফতরের রাষ্ট্রমন্ত্রী শ্রীওম মেহতা। শ্রীগিরি মাদরাজ থেকে রওনা হবেন। এখানে তাঁকে স্বাগত জানাবেন প্রেসিডেনট বেনজামিন সিয়ারেস। সিঙ্গাপুরের মন্ত্রিগণ এবং এখানে ভারতের হাইকমিশনার শ্রীপ্রেম ভাটিয়াও বিমান বন্দরে উপস্থিত থাকবেন।

পরেরদিন সকালেই শ্রীগিরি ও তাঁর পত্নী 'ইস্তানায়' প্রেসিডেনট সিয়ারেসের সংগে সাক্ষাৎ করবেন। ঐ সময়ে তাঁরা উপহার সামগ্রী বিনিময় করবেন।

১৭ সেপটেমবর শ্রীগিরি সিঙ্গাপুর বন্দর পরিদর্শন করবেন।

ঐদিন বিকালেই তিনি ভারত অভিমুখে যাত্রা করবেন। —রয়টার

বালুরঘাটে ৪৮ ঘন্টা বন্ধ-এর ডাক

নিজস্ব সংবাদদাতা

বালুরঘাট, ১৩ সেপটেমবর— বালুরঘাটে জেলা সদর দফতর স্থানান্তর প্রতিরোধ কমিটি' ১৪ ও ১৫ সেপটেমবর সমগ্র মহকুমায় বনধ-এর ডাক দিয়েছে। পশ্চিম দিনাজপুর জেলার সদর দফতর বালুরঘাট থেকে রায়গঞ্জে সরিয়ে নিয়ে যাওয়ার প্রস্তাবের প্রতিবাদেই এই বনধ।

ফণী ঘোষ মসকোয় ট্রেড ইউনিয়ন সম্মেলনে যাচ্ছেন

সোভিয়েট রাশিয়ার অল ইউনিয়নস সেনট্রাল কাউনসিল অব ট্রেড ইউনিয়নসের আমন্ত্রণে শ্রমিক নেতা হিন্দ মজদুর সভার নেতা শ্রীফণী ঘোষ আগামী ১৬ সেপটেমবর মসকো রওনা হচ্ছেন। তিনি ওখানে সামাজিক নিরাপত্তা সম্পর্কে আন্তর্জাতিক ট্রেড ইউনিয়নের চারদিনব্যাপী সম্মেলনে যোগ দেবেন। শ্রীঘোষ নিজ দলের নেতৃত্ব করবেন।

যোজনা কমিশনে শ্রী গলব্রেথ

নয়াদিল্লি, ১৩ সেপটেমবর—ভারতে প্রাক্তন মারকিন রাষ্ট্রদূত এবং প্রখ্যাত অর্থনীতিবিদ শ্রী জন কেনেথ গলব্রেথ আজ পরিকল্পনাকারীদের সংগে এক বৈঠকের জন্য যোজনা কমিশনে আসেন।

যোজনা মন্ত্রী শ্রীসুব্রহ্মণ্যম হায়দরাবাদে থাকায় শ্রীগলব্রেথ রাষ্ট্রমন্ত্রী শ্রীমোহন ধারিয়া, কমিশনের সেক্রেটারী শ্রী এ মিত্র, সদস্য অধ্যাপক এস চক্রবর্তী এবং অন্যান্য উচ্চপদস্থ অফিসারদের সংগে এক সংক্ষিপ্ত আলোচনায় মিলিত হন। —পি টি আই

চিকিৎসকের সম্মান

কলকাতা ন্যাশনাল মেডিক্যাল কলেজের বক্ষরোগ বিভাগের প্রধান এবং ইনডিয়ান মেডিক্যাল এসোশিয়শন, কলকাতা শাখার প্রাক্তন সম্পাদক, ডাঃ এন গুহ সম্প্রতি এডিনবরার রয়্যাল কলেজ অফ ফিজিসিয়ানস-এর ফেলো নির্বাচিত হয়েছেন।

কেশোরাম রেয়নে লক-আউট, অনশন, ম্যানেজারের গুলি, ১৪৪ ধারা

নিজস্ব সংবাদদাতা

চন্দননগর, ১৩ সেপটেমবর—নয়াসরাইয়ের কেশোরাম রেয়ন কারখানায় লক-আউট প্রত্যাহারের দাবিতে ক'দিন ধরে একদল শ্রমিকের অনশন সত্যাগ্রহ, রবিবার কারখানার ম্যানেজার শ্রী আর টি ভাইয়া কর্তৃক নিজের রিভলবার থেকে এক রাউনড গুলি চালনা এবং তাই নিয়ে উত্তেজনা দেখা দেওয়ায় ওই এলাকায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। পুলিশ জানায়, ভাগ্যক্রমে গুলি কারোর গায়ে লাগেনি।

ওই কারখানায় ২২ আগসট থেকে লক-আউট চলছে।

RAJASTHAN STATE LOTTERIES
FIRST PRIZE
Rs.10 LAKHS
TICKET Re. 1/-
23rd Draw 18-9-1971

১৩ সেপ্টেম্বর, ১৯৭১ তারিখে অনুষ্ঠিত প্রাত্যহিক খেলার ফলাফল।

একটি পুরস্কার—৫,০০০, টাকা
টিকিট নং B-357814

প্রত্যেকটি ৫০০ টাকার ১০টি পুরস্কার
টিকিট নং

C-014415	C-950434
D-309064	D-049134
E-208189	E-655824
F-975444	F-303732
A-707952	A-863939

অবশিষ্ট সিরিজগুলির উপরোক্ত নম্বরযুক্ত টিকিটে প্রত্যেকটি ৫০ টাকার ৫৫টি সান্ত্বনা পুরস্কার।

ডিরেক্টর, স্মল সেভিংস অ্যাণ্ড স্টেট লটারিজ রাজস্থান জয়পুর

সোনা ও রূপা

১৩ সেপটেমবর—আজ কলকাতার বাজার বন্ধের সময় দর নিম্নরূপ ছিল :—

খাঁটি সোনা (স্ট্যান, ১০ গ্রাম)	১১৮।৫০
সোনার গহনা (২২ ক্যাঃ, ১০ গ্রাম)	১৮৭৲
রূপার বাট (১ কেজি)	৫৫০৲
ঐ—খুচরা (১ কেজি)	৫৫৭৲



শারদীয় পূজা উপলক্ষে
বম্বের তৈরী
রেডিমেড পোষাকে
৩০% রিবেট
কে, জে, ড্রেসেস,
১৪৮, মহাত্মা গান্ধী রোড :: কলিকাতা-৭

'পূজার শাড়ী
মনের মত কিনতে হ'লে =
বেঙ্গলহোম ইণ্ডাষ্ট্রীজ
অ্যাসোসিয়েশন
৫৭, চৌরঙ্গী রোড; (লোয়ার সার্কুলার রোড জংশন), কলিকাতা-১৬ ফোন : ৪৪-১৫৬২ ও ৪৪-৪০৬২
টাঙ্গাইল * শান্তিপুর * ধনেখালি * কোয়েম্বাটুর কোটা ভেঙ্কটাগিরি বালুচর শাড়ী * ছাপা সুতী, সিল্ক ও চান্দেরী শাড়ী, বাটিক শাড়ী ও ব্লাউজ পিস ॥
* শো রুম—প্রত্যহ (শনিবার সহ) সকাল ৯॥টা হইতে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা ॥ রবিবার বন্ধ ॥
(৯৫৬২ এ)

পাঞ্জাব স্টেট লটারীজ

বিরাট খেলা (প্রথম পুরস্কার : ২১,০০,০০০, টাকা)
প্রাত্যহিক খেলার ফলাফল : ১৩ সেপ্টেম্বর, ১৯৭১
(১০ সেপ্টেম্বর, '৭১ পর্যন্ত বিক্রয়ের জন্য)
একটি প্রথম পুরস্কার ৫০০০ টাকা টিকিট নং : D-074191
দুইটি দ্বিতীয় পুরস্কার প্রত্যেকটি ৫০০ টাকা A-818177 E-310728
চৌত্রিশটি তৃতীয় পুরস্কার প্রত্যেকটি ৫০ টাকা
E-285031 E-136770 D-075451 I-543747 A-027429 D-111844 B-950063
D-745102 E-180135 F-139866 C-101148 E-387619 B-862851 F-010862
A-319437 F-082068 B-659448 C-564785 H-124735 D-781774 D-506239
F-264381 B-568228 E-711370 D-284993 G-338569 C-213807 A-302536
C-581594 E-952713 D-576943 G-053331 B-124957 E-111486 B-607350
I-208992 C-466454 F-537586 I-224326 C-142014
বিঃ দ্রঃ—নম্বর ভুল মুদ্রণের জন্য এই ডিরেক্টরেট দায়ী নহেন।
ডিরেক্টর পাঞ্জাব স্টেট লটারীজ চণ্ডীগড়।

GRAND PUJA SALE
২৭শে সেপ্টেম্বর পর্যন্ত চলবে
মূল্য ৩০%, ৪০% কম
মুর্শিদাবাদ সিল্ক ছাপা শাড়ী, কটন বেনারসী, ভেঙ্কটাগিরি, কোয়েম্বাটুর, টেরিকট ছাপা শাড়ী, টেরিলিন, টেরিকট শার্ট, বুশশার্ট প্রভৃতির বহু নূতন স্টক SALE-এ দেওয়া হ'ল।
হরলালকা
● ৫, ধর্মতলা স্ট্রীট, কলিকাতা
● ২২৪, হ্যারিসন রোড, বড়বাজার
● ২, চৌরঙ্গী রোড, কলিকাতা

অরণ্যদেব / লী ফক ও সীমুর ব্যারী রচিত

৺পূজার বাজার
করুন
৩০% পর্য্যন্ত রিবেট নিন

স্ট্রাইপ, চেক ও নানারং এর ডিজাইনের বিপুল সম্ভার। বাছাই করা—সকলেরই পছন্দসই। বিখ্যাত মিলের 'টেরিন' ও 'টেরিন কটন' এর ট্রাউজার লেংথ ও সার্টিং। বেছে নিন মনের মত। পূজার দিনগুলো আরও ঝলমলে ও প্রাণোচ্ছল করে তুলুন।

নির্ভরতার একমাত্র প্রতীক BS

আজই আমাদের বার্গেন কাউন্টারে আসুন

বৈজনাথ শ্রীলাল
১৯৭, মহাত্মা গান্ধী রোড (দ্বিতল)
কলিকাতা-৭, ফোন: ৩৩-৩৭৯৭

Impala BS 71/38

*পূজার কেনাকাটার জন্য শনিবার ও রবিবার সমেত দোকান প্রত্যহ রাত ১০টা পর্যন্ত খোলা থাকে।

ওয়াড়েকর ইংল্যানড সফরে সাফল্যের তিনটি কারণ দিয়েছেন

বোমবাই, ১৩ সেপটেমবর—অভিনন্দন ও সম্বর্ধনায় অভিভূত ভারতীয় ক্রিকেট দলপতি অজিত ওয়াড়েকর আজ সাংবাদিক সম্মেলনে বলেন, ইংল্যানড সফরে সাফল্যের কারণ তিনটি—চমৎকার স্পিন বোলিং, অত্যন্ত ভাল ফিলডিং ও ব্যাটের কাছাকাছি ক্যাচ ধরায় তৎপরতা এবং সুযোগ্য ব্যাটিং।

ওয়াড়েকর বলেন, বেদী, বেঙ্কট ও চন্দ্র "প্রাণ দিয়ে বল করেছে।" সাফল্যের প্রথম অভিনন্দন এদের প্রাপ্য। এদের সাহায্য করেছে ফিলডাররা। কিন্তু এই ব্যাপারটা আমাদের দলের কাছে নতুন কিছু নয়। আসলে ওয়েসট ইনডিজ সফরকারী দলের সঙ্গে এই দলকে তফাৎ করেছে যা, সেটি হল ইংল্যানডে আমাদের ব্যাটের সর্বতো সাফল্য। "ওয়েসট ইনডিজে রানের জন্য অত্যন্ত বেশিভাবে মুখাপেক্ষী হতে হয়েছিল গাভাসকর ও সরদেশাইয়ের উপর। কিন্তু ইংল্যানডে প্রত্যেকেই সাফল্যের মুহূর্ত পেয়েছে এবং রান তোলাটা সত্যিই দলগতভাবে হয়েছে। আমি মনে করি না আমরা কোন ক্যাচ ফেলেছি। হাতের কাছে পড়ছে, চেষ্টা করেও ধরতে পারিনি বা মাথার অনেক উপর দিয়ে বল চলে যাবার মত ব্যাপার অবশ্য ঘটেছে।"

ওয়াড়েকর ইংল্যানডের আবহাওয়ার প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, "উইকেটও অনেকাংশে আমাদের ও স্পিনারদের সাহায্য করেছে, বিশেষ করে প্রথম টেসটের আগের আটটি ম্যাচে। ভাল আবহাওয়া পেয়ে আমাদের খেলোয়াড়রা সরগর হয়ে নেয়।

ইংল্যানডের পেস বোলারদের মধ্যে ওয়াড়েকরের উপর রেখাপাত করেছে জন প্রাইস। স্নো বা লিভারের থেকে সে কিছু ফাস্ট। ওয়েসট ইনডিজের বর্তমান পেস বোলারদেরও উইকেট থেকে ইংল্যানড বোলাররাও উইকেট বেশি ফাসট তবে ওদের বল খেলা কঠিন নয়। ইংল্যানড স্পিনাররা বল স্পিন করানোর থেকে ব্যাটসম্যানকে গেঁথে রাখারই বেশি চেষ্টা করে।

প্রথম দুটি টেস্টে ভারত হার থেকে বেঁচে গেছে, একথা ওয়াড়েকর মানতে রাজি নন। তাঁর বক্তব্য: প্রথম টেসটে ভারতই উপরে ছিল এবং ম্যাচ জেতার মত যথেষ্ট প্রতিভাও তখনো অবশিষ্ট ছিল। দ্বিতীয় টেসটে অবশ্য পরিস্থিতি ঘোরালো ছিল এবং জয়ের আশা প্রশ্নের আকার নেয়। কিন্তু ম্যাচ বাঁচাবার মত খেলোয়াড় আমাদের ছিল। ক্রিকেটে তো অনেক কিছুই সম্ভব। অতীতে ৬৫ রানে অর্ধেক খুইয়েও তো আমরা ২০০ রানেরও বেশি তুলেছি।

ওয়াড়েকর বলেন, সুনীল গাভাসকরের একজন যোগ্য দোসর চাই ইনিংস ওপেন করতে আর চাই সত্যিকারের ফাসট বোলার। মাঁকড় অত্যন্ত দুর্ভাগা। বলের লাইনের পিছনে এসে ফাসট বোলারদের খেলেছে কিন্তু প্রতিবারই সে আউট হয়েছে ভাল স্ট্রোক থেকে। প্রতিটি টেস্টে টসে হারায় ভারতকে সব সময়ই চড়াই ভাঙতে হয়েছে। এদিক থেকে ইংল্যানড আর অজুহাত দিয়ে বলতে পারবে না যে, টসে ভারত জিতেছে বলেই জিততে পেরেছে। আমপায়ারিং সম্পর্কে কোন অভিযোগ নেই। লরডসে প্রথম টেসটে ৩৫ হাজার স্টার্লিং দিয়ে ৬৮ হাজার লোক খেলা দেখেছে। ওভালে দর্শক ছিল অর্ধ লক্ষ।

—পি টি আই ও ইউ এন আই

বোমবাইয়ে বিপুল সংবর্ধনা

বোমবাই, ১৩ সেপটেমবর—আজ সকালে রাবার বিজয়ী ক্রিকেট দল দিল্লি থেকে এখানে এসে পৌঁছলে লক্ষ লক্ষ লোক তাঁদের বিপুলভাবে সংবর্ধিত করেন।

বিমান বন্দর থেকে শহর পর্যন্ত প্রায় কুড়ি কিলোমিটার রাস্তায় শুধু জনতা আর জনতা। সান্তাক্রুজ বিমান বন্দরেই ছিল দশ হাজার লোক।

শহর পর্যন্ত ওই দীর্ঘ পথের দুধারে লোকের মিছিল। কেউ ফুল ছুঁড়ে দিয়েছে, কেউ বা মালা পরিয়েছে, উপহার দিয়েছে ফুলের তোড়া, অন্যরা করতালি দিয়ে জানিয়েছে স্বাগত। স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী, শ্রমিক থেকে সাধারণ লক্ষ লক্ষ মানুষের মুখের মেলা যেন সারা পথ জুড়ে। সারা শহর আজ পথে নেমে পড়েছিল।

বিজয়ী দলনেতা ওয়াড়েকর, ম্যানেজার করনেল অধিকারী এবং রাজ্য ক্রীড়ামন্ত্রী শ্রী কে ওয়ানখেড়ে এবং খেলোয়াড়রা চারটি খোলা মোটর গাড়িতে বিমান বন্দর থেকে যাত্রা শুরু করেন, তাদের পিছনে আরও ১৫ খানি গাড়ি। শহর পর্যন্ত পৌঁছতে বারে বারে তাঁদের গাড়ি থামিয়ে জনতা সংবর্ধিত করেছে। আবার কখনও বা আটক হয়েছেন ওঁরা ট্রাফিক জ্যামের জন্য।

—পি টি আই

বারণপুর আর কটক একধাপ এগোল

স্টাফ রিপোরটার

বারণপুর ইউনাইটেড—২ (সালাউদ্দীন, স্বপন গাঙ্গুলী)
পোরট কমিশনারস—১ (অনিমেষ বসু)

বারণপুর আই এফ এ শীলডের কোয়ারটার ফাইনালে উঠেছে। কমপক্ষে আধ ডজন গোলে তাদের জয়ী হওয়া উচিত ছিল।

কটক কমবাইনড—২ (চন্দন রায়—২)
২৪ পরগণা জেলা—১ (শ্যামল দে)

আই এফ এ শীলডের খেলায় কটক কমবাইনড তৃতীয় রাউনডে উঠেছে।

চন্দ্র মেমোরিয়াল দু' পয়েনট হারাল

স্টাফ রিপোরটার

তৃতীয় ডিভিশন ফুটবল লীগে সাদারন সমিতি ০—১ গোলে চন্দ্র মেমোরিয়ালের কাছে হারলেও শেষোক্ত দল বে-আইনীভাবে মাণিক নাথ নামে একজনকে খেলিয়েছিল—এই অভিযোগে সোমবার আই এফ এ গভরনিং বডি সাদারন সমিতিকে পুরো পয়েনট দেওয়ার সিদ্ধান্ত নেন। ফলে চন্দ্র মেমোরিয়াল, সাদারন সমিতি এবং ভিকটোরিয়ার সমান পয়েনট হল এবং এদের মধ্যে আবার খেলা হবে। মাণিক নাথকে এক বছরের জন্য সাসপেনড করা হয়েছে।

সভার শুরুতে গত বৃহস্পতিবার নিহত গভরনিং বডির সদস্য শ্রীঅনাথবন্ধু চৌধুরীর উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করা হয়।

মঙ্গলবারের আই এফ এ শীল্ড

এরিয়ান : স্পোরটিং ইউনিয়ন (এরিয়ান)
উয়াড়ি : জরজ টেলিগ্রাফ (মোহনবাগান)
হাওড়া ইউনিয়ন : কালীঘাট (হাওড়া ইউনিয়ন)

অরুণ ঘোষ অধিনায়ক

বোমবাই, ১৩ সেপটেমবর—মসকো সফরে ভারতীয় দলের অধিনায়ক নির্বাচিত হয়েছে রেলের অরুণ ঘোষ। ১৬ সেপটেমবর ভারতীয় দল মসকো যাবে। তরুণ বসু, কানাই সরকার, মাণিক গোস্বামী, সুধীর কর্মকার, সুনীল ভট্টাচার্য, শ্যামসুন্দর মান্না, সুকল্যাণ ঘোষ দস্তিদার সুভাষ ভৌমিক, হাবিব, শ্যাম থাপা, জহর দাস বাংলা থেকে নির্বাচিত হয়েছে।

—ইউ এন আই

ডানলপ হেড অফিসের কর্মচারীদের অনশন

ডানলপ স্টাফ ইউনিয়নের নেতৃত্বে ডানলপ হেড অফিসের কর্মচারীরা বিভিন্ন দাবিতে সোমবার থেকে অফিসের সামনে অনশন শুরু করেছেন।

উচ্চতর মাধ্যমিক পরীক্ষার ফল আগামী সপ্তাহে

স্টাফ রিপোরটার

উচ্চতর মাধ্যমিক পরীক্ষার ফল আগামী সপ্তাহে প্রকাশিত হবে।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ-এর সম্পাদক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে, ২৫ সেপটেমবর যে সপ্তাহ শেষ হচ্ছে ওই সপ্তাহেই ফল প্রকাশিত হতে পারে। প্রকাশের পরই মারক সিট প্রত্যেক স্কুলেই রেজিসটার্ড ডাকে পাঠিয়ে দেওয়া হবে।

স্কুলের প্রধানদের মারক সিট না পাওয়া পর্যন্ত স্কুল খুলে রাখতে এবং মারক সিট পেয়ে পরীক্ষার্থীদের কাছে পৌঁছে দিতে অনুরোধ জানানো হয়েছে।

প্রথম বার
যখন প্ল্যাটিনেক্স দিয়ে
দাড়ি কামাতে যাই
তখন হঠাৎ থেমে গেলাম,
রেজারটা খুলে ফেললাম।
দেখতে চাইলাম ভেতরে
ব্লেডটা আছে তো।
এমনি মসৃণ ভাবে প্ল্যাটিনেক্স দাড়ি কামায়!

অনুবীক্ষণ দিয়ে দেখলে ধরা পড়বে যে, যে-কোনও ব্লেডের ধারগুলো কিছুটা অমসৃণ, এবড়ো-খেবড়ো; আপনি যখন দাড়ি কামান, তখন তাতে খোঁচা লেগে আপনার গাল ছড়ে যায়। প্লাটিনেক্সে কিন্তু অমন কোনও অমসৃণতা নেই।
তার কারণ, প্লাটিনেক্সই একমাত্র ব্লেড, প্লাটিনাম দিয়ে যার ধারগুলোকে সূক্ষ্মভাবে ভরাট করা হয়েছে। কে না জানে,

পৃথিবীর সবচাইতে দামী ধাতুগুলির অন্যতম এই প্লাটিনাম। প্লাটিনাম দিয়ে কেন?
কারণ, প্লাটিনাম সবচাইতে নমনীয় ধাতুগুলির অন্যতম।
এতই নমনীয় যে, ব্লেডের ধারের অতিসূক্ষ্ম সব ফাঁক ও ফাটলের মধ্যে ঢুকে গিয়ে প্লাটিনাম তাকে ভরাট করে দেয়।
ফলে ধারগুলো তখন কোমল, মসৃণ ও সুডৌল হয়ে ওঠে।

এমন একটি ব্লেড যখন পাচ্ছেন, তখন আর অল্পে সন্তুষ্ট হবার দরকার কী?

mcfm/hrb/27a BA

পৃথিবীর প্রথম প্লাটিনাম-ধারালো ব্লেড

প্রস্তুত করেছেন: সেণ্টন রেজর ব্লেড কোং। বাজারে ছেড়েছেন: হোম প্রডাক্টস্ মার্কেটিং এজেন্সি, ১৩, ওয়ালচাঁদ হীরাচাঁদ মার্গ, বোম্বাই-১।

চন্দন সৌরভে
সুরভিত হয়ে থাকুন

মলয়
স্যাণ্ডাল সোপ ও
ট্যাল্‌ক—দুয়ে মিলে
আপনাকে সারাদিন
চন্দন সৌরভে
ভরপুর রাখবে।

মলয় স্যাণ্ডাল সোপ দিয়ে স্নানে আনন্দ—স্নিগ্ধশীতল ফেনায় গা জুড়োবে—ত্বক হয়ে উঠবে কমনীয় কান্তিময়। আর স্নান সেরে মলয় স্যাণ্ডাল ট্যাল্‌ক গায়ে ছড়িয়ে দিলে দেহ-মন সতেজ হয়ে উঠবে। এই চন্দন-সুরভিত সাবান ও পাউডার দুয়ে মিলে আপনাকে দিনভর ঝরঝরে রাখবে—প্রখর গ্রীষ্মের ঘর্মাক্ত মুহূর্তও ঘিরে থাকবে চন্দন সৌরভে।

MLT 5671A

ক্যালকাটা কেমিক্যাল-এর স্বত্বী

প্রতি বছরে ৪০ লাখেরও
বেশী কৌটো বিক্রী হয়!
দেশের লোকপ্রিয়
সিন্থেটিক এনামেল—
অ্যাপকোলাইট

তাড়াতাড়ি শুকিয়ে যায়।
কয়েক বছর পর্যন্ত আয়নার মত ঝকঝকে থাকে।
দাগ পড়ে না।
ব্রাশের চিহ্ন দেখা যায় না।
রৌদ্রতেও ফিকে পড়বে না এমন ২১৭টি বর্ণচ্ছটায় পাওয়া যায়।

জীবনে রংয়ের ছোঁওয়া
লাগাবার জন্যেই
এশিয়ান পেইন্টস

AIYARS-A, 167 BN

ভেঙ্গে গুঁড়িয়ে ফেলুন!

ঠিক তাই। ব্যবহার-করা স্পার্ক প্লাগ্ ভেঙ্গে গুঁড়িয়ে ফেলুন। তা নয়তো ওগুলো কুড়িয়ে চকচকে-ঝকঝকে ক'রে নিয়ে বাতিল কার্টনে পুরে আপনারই কাছে হয়তো নতুন হিসেবে চালিয়ে দেওয়া হবে!
এভাবে চোখে ধুলো দেওয়া সম্ভব হয় এজন্যেই যে মাইকো প্লাগ্ সহজে অকেজো হয় না।
কিন্তু তাই ব'লে কোনও স্পার্ক প্লাগ্ দিয়েই চিরদিন কাজ চলতে পারে না। ১৫,০০০ কি.মি. পথ চলবার আর ১ কোটি ৬০ লক্ষ বার স্পার্ক দেবার পরও মাইকো প্লাগ্ স্পার্ক দিয়ে যাবে ঠিকই, কিন্তু তা আগের মত জোরালো হবে না। কাজেই, যখন দেখবেন যে স্পার্ক প্লাগ্ কমজোর হ'য়ে পড়েছে, পেট্রল টানছে বেশী কিংবা গাড়ি স্টার্ট নিতে চাইছে না তখন শুধু প্লাগ্‌টিকে দোষ দিলেই চলবে না।
প্রতি ১৫,০০০ কি. মি. পথ পাড়ি দেবার পর প্লাগের পুরো সেটটাই পাল্‌টে নেবেন। আপনি যাতে আসল নতুন মাইকো স্পার্ক প্লাগ্‌ই কিনতে পারেন সেজন্য আমরা চারটির সেট হিসেবে কার্টনে ভরে দিয়েছি। আপনার গাড়ির নাম ক'রে নির্দিষ্ট সেটের জন্য অর্ডার দিতে পারেন! কিন্তু খেয়াল ক'রে মাইকো ডীলারের কাছ থেকেই শুধু কিনবেন কিংবা নামী স্টকিস্টের কাছ থেকে।
২-স্ট্রোকের এঞ্জিন হ'লে ৭,৫০০ কি. মি. পথ চলবার পরই প্লাগ্ পাল্‌টে ফেলবেন।
কিন্তু বাতিল প্লাগের ইনসুলেটর নিশ্চয়ই নষ্ট ক'রে ফেলতে ভুলবেন না। নষ্ট করবেন কার্টনটিও।

মোটর ইণ্ডাস্ট্রীজ কোং লিঃ
বাঙ্গালোর

MICO
LICENCE BOSCH

মাইকো—প্রগতির অগ্রদূত

MICO-6571

বন্দে মাতরম্
আনন্দবাজার পত্রিকা
মঙ্গলবার, ২৮ ভাদ্র, ১৩৭৮

দিনের বাণী

বাহুবল না হউক, বুদ্ধিবলে যে বাঙ্গালী আচিরে পৃথিবীর মধ্যে যশস্বী হইবে, তাহার সময় আসিতেছে।

—বঙ্কিমচন্দ্র

সফরের বিনিময়ে সফর

যাহাকে বলে "শ্রম-বণ্টন", সেই আর্থনীতিক রীতিটা বোধ হয় আন্তর্জাতিক সম্পর্কের দায়দায়িত্ব-বাঁটোয়ারার বেলাতেও খাটে। অন্তত হালফিল কয়েকটা লক্ষণ দেখিয়া তাহাই মনে হয়। পররাষ্ট্রমন্ত্রী যাইবেন প্রতিবেশী দেশগুলিতে, আর প্রধানমন্ত্রী দূর দূর দেশে, ব্যবস্থাটা আপাতত বোধ হয় ইহাই। মুসাফির সর্দার স্বর্ণ সিং সদ্য সদ্য নেপাল আর কলম্বো এই দুইটি মুলুকে সফর সারিয়াছেন। এই শারদ অভিযানগুলি সম্পর্কে নিশ্চিত হইয়া কিছু লেখার বাধা এই যে, চট করিয়া বোঝা যায় না মৃগয়ায় কতখানি লাভ হইল; মাধুকরীর ঝুলি শুভেচ্ছা ছাড়া আর-কোনও ধরাছোঁয়া যায় এমন বস্তুতে ভরিয়া উঠিল কি না!

যৌথ বিবৃতি অবশ্য বাহির হয়, এবারেও উভয় ক্ষেত্রেই হইয়াছে। এই মাসের গোড়ায় কাঠমাণ্ডুতে প্রচারিত বিবৃতিতে বলা হইয়াছিল যে, ভারতের উপরে লক্ষ লক্ষ শরণার্থীর চাপের সামাজিক ও অর্থনৈতিক তাৎপর্য দুইটি দেশই হৃদয়ঙ্গম করিয়াছে। ভারতের হৃদয়ঙ্গম করা লইয়া তো কথা নয়, ভারত তো টের পাইতেছে হাড়ে-হাড়ে। আসল কথা, নেপাল ব্যাপারটা বুঝিয়াছে কি না, বুঝিলে কতটা এবং কীভাবে বুঝিয়াছে। "শরণার্থীদের প্রত্যাবর্তনের উপযুক্ত পরিবেশ সৃষ্টি জরুরী"—বিজ্ঞপ্তিতে স্বর্ণ সিংয়ের পারিতোষিক মাত্র এইটুকু। নেপালের প্রধানমন্ত্রী শ্রীকীর্তিনিধি বিস্তা পরে বলিয়াছেন, নেপাল এখনও মনে করে বাংলাদেশ পাকিস্তানের ঘরোয়া সমস্যা, এবং শরণার্থীদের ফেরার জন্য কী করা দরকার বা না-দরকার সেটা ঠিক করিয়া দেওয়ার হক পাকিস্তানেরই। এই সাফ বয়ানে বড় বড় কথায় ফাঁপানো বেলুনটির ভিতর হইতে অনেকখানি বাতাস বাহির হইয়া গেল, যদিও শ্রীবিস্তা এ কথাও বলিয়াছেন যে আলোচনার ফলে ভারত-নেপাল সম্পর্ক দৃঢ়তর। দৃঢ়তার চাক্ষুষ প্রমাণ কি ভারত সীমান্তে চীনাদের উপস্থিতি-বৃদ্ধি? ফলে কিন্তু এ দেশের অস্বস্তি বাড়িতেছে বই কমিতেছে না।

কতকটা অনুরূপ ধাঁধা পররাষ্ট্রমন্ত্রীর কলম্বো-সফর লইয়াও। কেহ বলিতেছেন সফল, আবার কঠিন-হৃদয় কোনও কোনও সমালোচকের মতে এটিও আর-একটি নিষ্ফল পর্যটনের নমুনা। ভারত সিংহলকে ছয় কোটি টাকা দাদন দিবে, সফরের পরে অনায়াসবোধ্য ব্যাপার খালি এইটুকুই, বাকীটা যথাপূর্ব ধোঁয়াটে। সিংহল পাক বিমান আর জাহাজগুলিকে তেল ভরার সুবিধা আর দিবে না, সর্দার স্বর্ণ সিংয়ের মুখে এই ভরসার কথাটা শোনার পরও কিন্তু ধোঁয়া রহিয়াই গেল। দেশভ্রমণ যদি কেবল ভ্রমণের জন্যই হয়—আর্ট যেমন অনেকে বলেন নিছক আর্টেরই জন্য—তবে তাহারও একটা মূল্য আছে বইকি!—চিত্তশুদ্ধির প্রয়োজনে লাগে। কিন্তু কূটনৈতিক আলাপ-আলোচনার প্রকৃত মূল্য যাচাই করিতে হয় বাস্তবতার নিকষে। এখানেও যৌথ বিবৃতিটি, সন্দেহ হয় অনেকটাই শূন্যগর্ভ, ফাঁপা বলিয়াই কলসীটার আওয়াজ বেশী।

যেমন ধরা যাক, বিবৃতিতে বাংলাদেশ শব্দটির নামগন্ধ নাই। শ্রীমতী বন্দরনায়েক শুধু শরণার্থী-সমাগমের সামাজিক ও রাজনৈতিক তাৎপর্য লক্ষ্য করিয়াছেন। সেই সামাজিক ও আর্থনীতিক—কাঠমাণ্ডু হইতে প্রতিধ্বনি কলম্বো অবধি পৌঁছিয়াছে। নতুবা এই বিবৃতিতে রাজনৈতিক সমাধানের কথাই-বা কোথায়? ঘুরাইয়া ফিরাইয়া বলা একটি বয়ানে রাজনৈতিক ও সাংবিধানিক ব্যবস্থার কথা আছে অবশ্য, কিন্তু সাদামাঠাভাবে ব্যাখ্যা করিলে দাঁড়ায় যে এক্ষেত্রেও বরাতটা পাকিস্তানেরই উপরে। সেইটাই স্বাভাবিক, কেননা অন্য দেশের অভ্যন্তরীণ সমস্যায় জড়াইয়া না পড়াই নাকি সিংহলের নীতি। তবু খট্‌কা লাগে এই হেতু যে, হঠাৎ সেই কথাটার উপর খামোকা এতটা জোর দেওয়া হইল কেন? সিংহল জড়াইয়া পড়িতে চায় না, অতীব সাধু সঙ্কল্প, এবং উত্তম। তবে কিনা যৌথ বিবৃতিতে সে-কথার উল্লেখ অবান্তর এবং সর্দার স্বর্ণ সিংয়ের মিশনের মূল উদ্দেশ্যকেই যেন কতকটা পরাস্ত করিয়া দিতেছে।

সেই সঙ্গে একটা চমৎকার ব্যাপারও অনেকের নজরে পড়িবেই পড়িবে : বাংলাদেশের বিষয়ে অসীম ঔদাসীন্যে সিংহল আজ হাত ধুইয়া বসিয়া থাকিতে চাহিতেছে; অথচ চীন-ভারত বিরোধের সময় এই সিংহলই কিন্তু মধ্যস্থ হইতে রাজী ছিল। এই ফারাকের কারণ কী? ১৯৬২ হইতে ১৯৭১—মাঝখানে প্রায় এক দশকের ফারাক ঘটিয়া গিয়াছে বলিয়াই কি? তবে ইহাও ঠিক একেবারে বলা চলে না যে, এই সফরটার ভাগ্যে জুটিয়াছে সকলই ফাঁকি। পররাষ্ট্রমন্ত্রী নাকি শ্রীমতী বন্দরনায়েককে অন্তত এইটুকু বুঝাইতে পারিয়াছেন যে, ভারত-সোভিয়েট চুক্তিতে নিরপেক্ষ নীতির এতটুকু ইতরবিশেষ হয় নাই। ভারত মহাসাগর এলাকা শান্তিতে যেমন টৈটম্বুর হইয়া আছে, তেমনই থাকিবে। সিংহলের প্রধানমন্ত্রী নিশ্চয়ই এই দাবি বা এই ব্যাখ্যা বুঝিয়াছেন—শ্রীমতী গান্ধী যে ইউরোপ-আমেরিকা যাওয়ার আগে রাশিয়ায় যাইতেছেন, তাহা সত্ত্বেও বুঝিয়াছেন। নতুবা শ্রীমতী বন্দরনায়েক এদেশে পায়ের ধুলা দিবার আমন্ত্রণ গ্রহণ করিতেন কি? সফরের বিনিময়ে সফর—পররাষ্ট্রমন্ত্রীর "মিশন"-এর এইটাই দৃষ্টিস্পর্শগ্রাহ্য ফলশ্রুতি।

শেষ নয়, শুরু

[illegible]

'পালকি চলে রে'

[illegible]

পথ, প্রকৃতি, বিস্ময়

[illegible]

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ৭৭তম জন্মবার্ষিকী উপলক্ষে

[illegible]

—অরুণ বাগচী

আমেরিকার চোখে 'পথের পাঁচালী'

[illegible]

চিত্তরঞ্জন ঘোষ

ষৎকিঞ্চিৎ

[illegible]

গতি, আরও গতি

[illegible]

